# কিভাবে ঈশ্বরের





# ...একটি সন্তান হতে হবে





**সাক্ষী সংস্করণ**

**অন্তর্ভুক্ত করে: কিভাবে আপনার কাহিনীটিকে বলতে হবে এবং কিভাবে সাক্ষ্য দিতে হবে**

# কিভাবে ঈশ্বরের একটি সন্তান হতে হবে

## ডেভিড হাউএল

### এই পরিচর্যাটিকে সাহায্য করুন

কারাগারে সুসমাচার প্রচার বা প্রিসন এভাঞ্জেলিসম মার্কিন যুক্তরাষ্ট্রে ২,০০০,০০০ বন্দিদের প্রতিনিধিত্ব করে ২১০০ বন্দিদের কাছে “কিভাবে ঈশ্বরের একটি সন্তান হতে হবে” পুস্তকটিকে প্রিন্ট এবং বিতরণ করে। আমাদের উদ্দেশ্য হল হৃদয় পরিবর্তন করা এবং কারাগারগুলিকে বন্ধ করা। এটি প্রভু যীশু খ্রীষ্টে বিশ্বাস করে ও তাঁকে প্রেম করার দ্বারা সম্ভব হয়েছে। হৃদয় পরিবর্তন না করলে সত্তর শতাংশ লোক পাঁচ বছরের মধ্যেই আবার কারাগারে বন্দি হবে।

আপনার আর্থিক অনুদান দেওয়ার দ্বারা আমাদেরকে স্থায়ীভাবে বন্দীদেরকে উন্মুক্ত করতে সাহায্য করুন।

আপনাদের নিজস্ব সেবাকার্যের জন্য আপনারা এখান থেকে পুস্তকটিকে ক্রয় করতে পারেন:

**howtobeachildofgod.com**

লাভের সমস্ত অর্থ বন্দীদের জন্য আরও পুস্তক ক্রয় করবে।

আপনারা সরাসরিভাবে এই পরিচর্যাটিকে অনুদান প্রদান করতে পারেন এখানে: **prisonevangelism.com**

ফেসবুক: @ Prison Evangelism, Inc. এবং @How to be a child of God

আপনারা এই ঠিকানাতেও চেক পাঠাতে পারেন:

Prison Evangelism
PO Box 571977
Houston, Texas 77257

Copyright © 2019 by David Howell

সর্বস্বত্ব সংরক্ষিত। ডেভিড হাউএল এর লিখিত অনুমতি ছাড়া এই প্রকাশনের কোনোও অংশেরই কোনোও রূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না।

এই গ্রন্থস্বত্বটিকে শিক্ষা এবং প্রচারের কার্যের জন্য প্রচুর পরিমাণে ক্রয় করা যেতে পারে। বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে প্রকাশকের সহিত যোগাযোগ করুন।

David Howell
PO Box 571977
Houston, Texas 77257 davidhowell@aol.com
info@HowtobeaChildofGod.com www.
HowtobeaChildofGod.com

এই ই-বুকটি দেখুন ও এই ভিডিওটিকে দেখুন
@ WWW.PRISONEVANGELISM.COM

অন্য উল্লেখ ছাড়া, ধর্মগ্রন্থের সমস্ত উদ্ধৃতি পবিত্র বাইবেল থেকে নেওয়া হয়েছে
New Living Translation, copyright © ,2004 ,1996 2007 by Tyndale HouseFoundation. Used by permission of Tyndale HousePublishers, Inc., Carol Stream, Illinois 60188. Allrights reserved.

ISBN: 2-14157-578-0-978

শিল্প নির্দেশনায় রয়েছেন জন ম্যাগী, হাউস্টন, টেক্সাস থেকে JohnMageeDesign.com

সমস্ত উদাহরণগুলো দ্য উডল্যান্ড, টেক্সাসের রান্দি রজারস্ দ্বারা করা হয়েছে artistguy@att.net

# ভূমিকা

“বাস্তবে, যদি আরম্ভেই আমাদের কাছে খ্রীষ্ট এবং তাঁর ক্রুশের সম্পূর্ণ উপস্থাপনাটিকে দেওয়া হত তবে আমাদের খ্রীষ্টীয় জীবনের প্রথম দিন থেকেই আমরা অনেক অভিজ্ঞতা সংগ্রহ করতাম, যদিও তার অধিকাংশেরই সম্পূর্ণ অর্থ অনেক পরে বুঝতে পারতাম।”

ওয়াচম্যান নী, দ্য নরমাল ক্রিস্টিয়ান লাইফ


যখন আমরা প্রভু যীশু খ্রীষ্টকে প্রভু, ঈশ্বর, ত্রাণকর্তা এবং জীবন বলে বিশ্বাস করি, তখন আমরা তাঁর প্রতি আমাদের ইচ্ছা ও জীবনও সমর্পণ করে থাকি। বাস্তবে তিনি আমাদের জীবন হয়ে যান। আমরা কখনও শীঘ্র, কখনও ধীর গতিতে পরিবর্তিত হই, কিন্তু পরিবর্তন অবশ্যই হয়। স্বয়ং ঈশ্বরের আত্মা আমাদের মধ্যে এসে বাস করেন এবং আমাদের করে তোলেন অটুট, জীবন্ত ও সম্পূর্ণ। ঈশ্বরকে বিশ্বাস করে তাঁর প্রতি আমাদের হৃদয় অর্পণ করার পর জীবন আর আগের মতো থাকবে না।

ডেভিড হাউএল

ঈশ্বর স্বর্গে ছিলেন এবং একটি পুরুষ
রূপে জগতে এলেন।



ফিলিপীয় ২:৬-৮, যোহন ১:১৪, ইব্রীয় ১:৩, রোমীয় ৮:৩খ, যোহন ১০:৩০, কলসীয় ১:১৫, কলসীয় ২:৯, ইব্রীয় ২:১১-১৭, মথি ১:২০-২১


তিনি অলৌকিক ভাবে গর্ভে এসেছিলেন, কিন্তু আমাদের সদৃশ একজন স্ত্রীর গর্ভ থেকে জন্মেছিলেন।
তিনি এমনটি করেছিলেন যেন আমরা তাঁর সঙ্গে একটি ব্যক্তিগত সম্পর্ক স্থাপন করতে পারি এবং তাঁকে ঈশ্বর ও মনুষ্য উভয় রূপে জানতে পারি এবং তাঁকে পিতা রূপে আরো ভালোভাবে উপলব্ধি করতে পারি।

প্রভু যীশু শৈশবকাল এবং কিশোরাবস্থার মধ্যে দিয়ে গেলেন, একটি কারিগরি শিল্প শিখলেন, এবং যখন তাঁর সময় এল, তখন তিনি আমাদের সকলের কাছে নিজেকে ঈশ্বর ও ত্রাণকর্তা বলে প্রকাশ করে তাঁর পরিচর্যাটিকে আরম্ভ করলেন যা করতে তিনি এসেছিলেন।




মথি ৩:১৩-১৭, মথি ৭:২৮-২৯, মার্ক ৬:২-৩, লূক ২:৪০, লূক ২:৪১-৪৭, লূক ২:৫২

যখন এ জগতে তাঁর উদ্দেশ্য সম্পূর্ণ হল, তখন তিনি নিজেকে ক্রুশারোপিত করতে



দিয়েছেন। তাঁকে অপমান করা হয়েছিল এবং কষ্ট দেওয়া হয়েছিল এবং তারপর ক্রুশারোপিত করা হয়েছিল। প্রভু যীশু এই নিষ্ঠুর মৃত্যু বরণ করা মনস্থ করলেন যেন আপনাকে ও আমাকে আমাদের অপরাধের প্রতি শাস্তি না পেতে হয়। তিনি চেয়েছিলেন যেন আমরা তাঁর সাথে এবং যে যন্ত্রণার মধ্যে তিনি গিয়েছিলেন সেটির




সাথে নিজেদেরকে এক করি। কেবল ঈশ্বরই জানেন যে কি ভাবে প্রভু যীশু খ্রীষ্টের বলিদান ও রক্ত আমাদের পাপসমূহকে ধুয়ে ফেলতে এবং আমাদের চিরকালের মতো শুচি করতে সক্ষম। প্রেমের এই সম্পূর্ণ আচরণ আমাদেরকে বিশুদ্ধ করে তুলেছে যেন ঈশ্বর আমাদেরকেও প্রভু যীশুর ন্যায় তাঁর সন্তানরূপে দেখতে পারেন।

মথি ২৬:২৮-২৯, মথি ২৭:৫৭-৬১, রোমীয় ৫:৬, রোমীয় ৮:৩, ইফিষীয় ১:৭, ইব্রীয় ২:১৪-১৫, ইব্রীয় ৯:২২, ১ পিতর ২:২৪, ১ যোহন ১:৭




প্রভু যীশু এসেছিলেন যেন আমরা তাঁর সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক স্থাপন করতে পারি এবং আমাদেরকে তাঁর অনন্ত জীবনের উপহার প্রদান করতে পারেন। অনন্ত জীবন হল খ্রীষ্টের জীবন। **এর কোনোও আরম্ভ নেই এবং এর কোনোও শেষ নেই।**

এতো কিছুর কেন প্রয়োজন ছিল? কেননা, যখন ঈশ্বর প্রথম মানব, আদমকে সৃষ্টি করলেন, তিনি তাকে স্বর্গে একটি সুন্দর জীবন উপভোগ করতে দিলেন, কিন্তু আদম তার স্বর্গস্থ পিতার অবাধ্য হয়েছিলেন।




তখন থেকে মানুষের একটি দেহ ও প্রাণ (ব্যক্তিত্ব) রয়েগেল, কিন্তু ঈশ্বরের জন্য তিনি আত্মিকভাবে মৃত ছিলেন। তিনি পূর্ণ ছিলেন না, এবং তাই ঈশ্বরের আশীর্বাদগুলোকে অভিজ্ঞতা করার আর যোগ্য রইলেন না।

আদিপুস্তক ২:৮-৯, আদিপুস্তক ৩:২-৬, আদিপুস্তক ২:১৬-১৭,
আদিপুস্তক ৩:২৩, ১ করিন্থীয় ১৫:৪৫-৪৬

আমাদের পিতা মাতার সন্তানরূপে আমাদের বংশধারাটিও আদম থেকে আরম্ভ হয়। আমরাও আদমের সঙ্গে এদন উদ্যানে আত্মিকরূপে মারা



গিয়েছিলাম। আমরা সেই বংশধারাটিকে ও আমাদের নিজ পাপসমূহের বোঝাটিকে এবং আবেগময় থলিটিকে বহন করি যেটিকে পৃথিবীতে আমাদের জীবনকালের জন্য তুলে নিই। এটি হল লজ্জা, অপরাধ, অতীতের সমস্যা ও খারাপ বিষয়গুলোকে ধরে রাখা এবং আমাদের পাপের বিষয়ে খারাপ অনুভব করার ও চরিত্রের বিকারগুলোর একটি বাস্তবিক থলি। আমাদের এক নতুন বংশ এবং এক নতুন পরিবারের প্রয়োজন।


রোমীয় ৩:২৩, রোমীয় ৫:১২, রোমীয় ৫:১৮ক



এক দিন কোনোও একজন ব্যক্তি এসে প্রভু যীশুর বৃত্তান্ত শোনাল, যে কিভাবে তিনি আমাদের জন্য প্রাণ দেওয়ার দ্বারা ও তার অনন্ত জীবনটিকে আমাদেরকে দেওয়ার দ্বারা আমাদের প্রত্যেককে অনন্ত মৃত্যুর হাত থেকে রক্ষা করতে এসেছিলেন। প্রভু যীশু মারা গিয়ে আমাদের সকলকে একটি পথ দেখালেন, সম্পূর্ণরূপে ক্ষমা, শর্তহীন ভালোবাসা, এবং তাঁর দ্বারা অনন্ত জীবনের আশা লাভ করার পথ।

যিহিষ্কেল ৩৬:২৬–২৭, প্রেরিত ৪:১২, রোমীয় ৫:৯, ১ করিন্থীয় ১৫:৫৭,
২ করিন্থীয় ৫:১৮ক, গালাতীয় ১:১৫–১৬, ইফিষীয় ২:৮–৯, ১ তীমথিয় ২:৫–৬

প্রভু যীশু এজন্যও এসেছিলেন যেন তাঁর সঙ্গে একটি সম্পর্ক স্থাপন করে আপনি ও আমি বর্তমানে এ জগতে শান্তি ও প্রাচুর্যের জীবনটিকে লাভ করতে পারি। তিনি আমাদেরকে দেখাতে চান যে কীভাবে জীবনের সমস্ত সমস্যার সম্মুখীন করতে হবে। প্রভু যীশু জীবন যাপন করার জন্য আশা ও একটি নতুন পথ প্রদান করেন। আমাদের স্বাভাবিক পথগুলো আমাদেরকে আত্ম-নিমগ্ন ও অশান্ত করে। এগুলিতে কোনোও কাজ হয় না।



যোহন ১০:১০, রোমীয় ৬:১৬, রোমীয় ৬:২১, রোমীয় ৮:৩৭, ইফিষীয় ২:১৪, প্রকাশিত বাক্য ৩:২০




ঈশ্বরের থেকে পৃথক হয়ে আমরা শান্তিতে থাকতে পারি না। আমরা প্রতিদিন যা কিছু মনস্থ করি, সেগুলি হল স্ব-কেন্দ্রিক এবং আমাদের হতাশ করে এবং ঈশ্বরেরব সাহচর্য থেকে দূর করে। আমাদের মধ্যে স্বর্গস্থ পিতার সঙ্গে শান্তিপূর্ণ মিলন করার গভীর তৃষ্ণা রয়েছে, কিন্তু আমাদের মধ্যে সেই আত্মিক সম্পর্কটি নেই। আমাদের নিজেদের "শ্রেষ্ঠ চিন্তাধারা" এবং সৎ উদ্দেশ্যগুলো আমাদেরকে এই বিশৃঙ্খলাটির মধ্যে ফেলে দিয়েছে।

উপদেশক ৩:১১, রোমীয় ৬:১৬, লূক ১:৭৮-৭৯, যোহন ১৬:৩৩,
রোমীয় ৫:১-২, রোমীয় ৮:৬

আমরা চেষ্টা করি সেই ব্যবধানটিকে কমিয়ে ফেলতে যা আমাদেরকে ঈশ্বর থেকে পৃথক করে, এবং সেই উপায়গুলোকে খুঁজি যেন তাঁর সঙ্গে সম্পর্কটিকে পুনঃস্থাপন করতে পারি। কিছুতেই কোনোও কাজ হয় না। কেবলমাত্র প্রভু যীশু খ্রীষ্টের প্রতি বিশ্বাস দ্বারা আমরা ঈশ্বর পিতার সম্পর্কে আসতে পারে।





হিতোপদেশ ১৪:১২, রোমীয় ৬:২৩, রোমীয় ৩:২৩



ইনি সেই প্রভু যীশু যিনি আমাদের সমস্ত পাপ, দোষ, এবং চরিত্রের ত্রুটি; অতীত, বর্তমান ও ভবিষ্যতের জন্য মৃত্যু বরণ করেছিলেন। তাঁর রক্ত দ্বারা আমরা শুচিকৃত হতে পারি এবং ঈশ্বরের সম্মুখে ধার্মিক গণিত হতে পারি। আমরা ঈশ্বর পিতার কাছে সম্পূর্ণ ক্ষমা ও শর্তহীন প্রেম লাভ করতে পারি। তাঁর মৃত্যু ও পুনরুত্থান দ্বারা, প্রভু যীশু ঈশ্বর ও মানুষের মধ্যের ব্যবধান দূর করেছেন। এই কারণে তিনি হলেন এই জগতের ত্রাণকর্তা।

যোহন ৩:১৬, ১ পিতর ৩:১৮, ১ তীমথিয় ২:৫-৬, রোমীয় ৫:১

আমাদের সকলের কাছে একটি সুযোগ রয়েছে এই সত্যটিকে গ্রহণ করার অথবা প্রত্যাখ্যান করার। আমরা যদি এ সকল ঘটনাগুলোকে সত্য জ্ঞান করে এবং প্রভু যীশুকে ঈশ্বর রূপে বিশ্বাস করি, তবে আমরা প্রভু যীশুর সমস্ত অধিকার এবং সৌভাগ্য সহ, ঈশ্বরের সন্তান হয়ে যাই। আমরা প্রভু যীশু খ্রীষ্টের সহ-উত্তরাধিকারী এবং ভাই বা বোন হয়ে পড়ি। আপনার ইচ্ছা ও জীবনটিকে তাঁর তত্ত্বাবধানের অধীনে সম্পূর্ণরূপে সমর্পিত করুন। বিষয়টি তেমন জটিল নয়, কিন্তু আপনার করা সমস্ত কাজের মধ্যে এটি একটি কঠিন কাজ মনে হতে পারে। সত্যিই যদি আপনি ঈশ্বরের প্রতিজ্ঞাগুলোর অভিজ্ঞতা করতে চান, এবং তাঁর সাহচর্যের আনন্দ লাভ করতে চান তবে, তাঁর কাছে প্রার্থনা করুন যেন তিনি আপনার জীবনটিকে গ্রহণ করেন। যদি আপনার মধ্যে আন্তরিকতা থাকে তবে আপনার অতি সাধারণ প্রার্থনাই যথেষ্ট... কারণ ঈশ্বর আপনার হৃদয়টিকে দেখেন। এই সহজ প্রার্থনাটির দ্বারা নিজেকে তাঁর প্রতি সমর্পণ করুন। **যদি আপনি ভরসা ও বিশ্বাস করেন তবে সেটাই যথেষ্ট হবে!**






ইফিষীয় ২:১৩, যোহন ১৪:৬, ইব্রীয় ৪:৩, ইব্রীয় ৪:৭

“স্বর্গস্থ পিতা, আমি নিজেকে আপনার প্রতি অর্পণ করি–যেন আপনি আমাকে পরিবর্তন করেন এবং আমার প্রতি আপনার ইচ্ছাটিকে পূর্ণ করেন। আমার জীবনটিকে নিয়ন্ত্রণ করুন এবং আমার স্বার্থপর পথগুলোকে দূর করুন, যেন আমি আপনার ইচ্ছাটিকে পূর্ণ করি। আমাকে আমার পাপের উপরে জয়ী করুন, যেন আমি তাদের জন্য এক উদাহরণ হয়ে উঠি যাদের আমাকে আপনার পরাক্রম ও আপনার প্রেমে চলতে সাহায্য করতে হবে। আমি আপনার জীবনধারার প্রতি নিজেকে সমর্পণ করছি। আমি যেন সর্বদা আপনাকে বিশ্বাস করি ও আপনার ইচ্ছা অনুসারে চলি! হে প্রভু যীশু আসুন এবং আমার মধ্যে নিবাস করুন। আমেন।”



আপনার মুখে স্বীকার করুন এবং হৃদয়ে বিশ্বাস করুন যে, প্রভু যীশু মারা গিয়েছিলেন, কবরপ্রাপ্ত হয়েছিলেন, এবং আবার জীবিত হয়েছিলেন। তাঁকে বিশ্বাস করুন যে তিনি শারীরিকভাবে ঈশ্বর এবং ঈশ্বরের একজন সন্তান হন এবং খ্রীষ্টের সঙ্গে তাঁর একজন সহ-উত্তরাধিকারী হন।

যোহন ১১:২৫-২৬, যোহন ১৪:৬-৭, রোমীয় ১০:৯, রোমীয় ১০:১৩, ১ করিন্থীয় ৬:১৭, ইফিষীয় ১:৫-৮, ইফিষীয় ২:৮-১০, কলসীয় ২:৬-৭, ১ যোহন ৫:১২-১৩


যখন আপনি ঈশ্বরের আত্মা গ্রহণ করেন, তখন আপনি ঈশ্বরের প্রতি পূর্ণ ও জীবিত হন।

যখন আপনি প্রভু যীশু খ্রীষ্টকে আপনার জীবনে আসার আমন্ত্রণ জানান, তখন আপনি আদমে আপনার জাগতিক পরিবারের বংশ থেকে বের হয়ে <u>খ্রীষ্টের অনন্ত জীবনে প্রবেশ করেন, **এমন জীবন যা অতীতে সর্বদা ছিল এবং ভবিষ্যতে চিরকাল থাকবে**</u>। আপনাকে ক্রুশে স্থানান্তরিত করা হয়েছে এবং আপনার পুরাতন মনুষ্যত্বটি খ্রীষ্টের সঙ্গে মৃত হয়েছে।



রোমীয় ৫:১৮–১৯, রোমীয় ৮:১–২, ১ করিন্থীয় ১৫:২২, গালাতীয় ৫:২৪,
ইফিষীয় ১:১৩–১৪, ইফিষীয় ৩:১৪–১৫, ১ পিতর ১:১৮–১৯




আপনি তাঁর সঙ্গে এক হয়ে যান। আপনি খ্রীষ্টের সঙ্গে একত্র হয়ে যান এবং সেটা কোনোদিন পরিবর্তন হবে না। এখন প্রভু যীশু আপনার অন্তরে বাস করেন এবং আপনি তাঁর অন্তরে। তিনি যেখানে যান, সেখানে আপনিও যান। যেখানে আপনি যান, সেখানে তিনিও যান।

যোহন ১৪:২০, রোমীয় ৬:৬, গালাতীয় ২:২০, গালাতীয় ৪:৪-৭,
গালাতীয় ৫:২৪, ইফিষীয় ১:১১, কলসীয় ২:১০

যখন আপনার “পুরাতন আত্মা” প্রভু যীশুর সঙ্গে ক্রুশে মারা গেল, তখন আপনাকে তাঁর সঙ্গে সমাধীস্থও করা হল। আপনার নূতন আত্মিক মনুষ্যত্বটি খ্রীষ্টের সঙ্গে জীবিত হল এবং তাঁর সঙ্গে স্বর্গীয় স্থানগুলিতে আরোহণ করল। আপনি আপনার ত্রুটি, অপরাধবোধ, পাপ ও লজ্জার বোঝাটিকে পিছনে ফেলে চলে এসেছেন। আপনি খ্রীষ্টে রয়েছেন ও তিনি আপনার অন্তরে বাস করেন।

আপনি আপনার পুরাতন জীবনের বিনিময়ে নতুন জীবন পেয়েছেন। এখন আপনার কাছে ঈশ্বরের আত্মা রয়েছে এবং আপনার মানব আত্মাটি ঈশ্বরের প্রতি জীবিত হয়েছে। আপনি খ্রীষ্টে রয়েছেন এবং অনন্ত জীবন যাপন করার জন্য প্রস্তুত। **আপনি পুনর্জীবিত হয়েছেন!**




যোহন ৩:৬, যোহন ১১:২৫-২৬, রোমীয় ৫:৫, রোমীয় ৬:৪-৬, রোমীয় ৮:১০, কলসীয় ২:১২-১৪, কলসীয় ৩:১-৩, ইফিষীয় ১:১৩খ, ইফিষীয় ২:৬



আপনি যদি আন্তরিকভাবে প্রার্থনা করে থাকেন, তবে আপনি এখন একটি নতুন পরিবারের সদস্য হয়েছেন– যেটি হল ঈশ্বরের পরিবার। ঈশ্বর পিতা আমাদের সকলকে তাঁর আপন সন্তানরূপে গ্রহণ করেন আর আমরা আমাদের জ্যেষ্ঠ ভ্রাতা প্রভু যীশুর সঙ্গে তাঁর সহ-উত্তরাধিকারী হয়ে যাই। তিনি আপনাকে গ্রহণ করেন এবং তাঁর পরিবারের অংশরূপে নিঃশর্তভাবে প্রেম করেন। **আপনি হলেন ঈশ্বরের একটি সন্তান!**

গীতসংহিতা ১৬:১১, রোমীয় ৫:১১, রোমীয় ৮:১৫-১৭ক, ২ করিন্থীয় ৫:১৭, ফিলিপীয় ৩:২০ক, ইব্রীয় ২:১১-১২, প্রকাশিত বাক্য ২১:২

আপনার পুরাতন আত্মা আপনার পাপের বোঝা সমেত ক্রুশে মারা গিয়েছে যেটিকে খ্রীষ্ট বহন করেছিলেন। আপনি নিশ্চিন্ত হতে পারেন যে আপনাকে আর পাপ, অনুরতি, এবং মানুষের অন্যান্য স্বার্থপর বিষয়গুলোতে বন্দী হতে হবে না। আপনি খ্রীষ্টের সঙ্গে মারা গিয়েছেন, আপনাকে আর মৃত্যুর ভয় দেখান যাবে



না, কেননা শয়তানের ভয় দেখানোর অস্ত্র এখন অকেজো হয়ে পড়েছে। এই নতুন অনন্ত জীবনের সঙ্গে এক নতুন সাহস ও নতুন নির্ভীকতা প্রাপ্ত হয়। মৃত্যু আর আপনাকে প্রভাবিত করতে এবং আপনার উপরে প্রভুত্ব করতে পারে না। খ্রীষ্ট আমাদের প্রতারণা, চুরি, মিথ্যা সাক্ষ্য, এবং অন্যান্য পাপের জন্য প্রাণ দিয়েছিলেন। আমরা তাঁর সঙ্গে মারা গিয়েছি যেন আমরা আমাদের পাপময় স্বভাবটিকে ত্যাগ করতে পারি। ঈশ্বরের পথে চলার বা নিজের ইচ্ছায় চলার স্বাধীনতা আমাদের আছে। প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা ঈশ্বরের প্রতি আমাদের ইচ্ছা ও জীবন সমর্পণ করার পূর্বে এই নির্বাচনটিকে করার অধিকার আমাদের কাছে ছিল না।

রোমীয় ৬:১১-১৩, রোমীয় ৮:১-২, রোমীয় ৮:১৫-১৭ক, গালাতীয় ৫:১৬, কলসীয় ২:৬-৭, ২ তীমথিয় ১:৭, ইব্রীয় ২:১৪-১৫



এই সত্যটিকে সম্পূর্ণরূপে উপলব্ধি করা আমাদের পক্ষে কঠিন হতে পারে কেননা আমাদের দেহ ও আত্মা–আমাদের ব্যক্তিত্ব–এখনও এ জগতে জীবন যাপন করছে। কিন্তু এখন খ্রীষ্টের আত্মা আমাদের অন্তরে বাস করেন এবং আমরা আত্মিক হয়েছি। যদি আমরা সেই প্রাচুর্য্যের জীবনের আকাঙ্ক্ষা করি যা ঈশ্বর চান যেন আমরা পাই, তবে আমাদেরকে এই সকল ঘটনাগুলোতে বিশ্বাস করতে হবে। আপনার চিন্তাধারাটিকে পরিবর্তন করে দেখুন আপনি কে আর কিরূপে আছেন। আপনার মনটিকে এ জগতের দৈনন্দিন জীবনের আবর্জনার প্রতি নয়, বরং পিতার সঙ্গে স্বর্গীয় বস্তু সকলের প্রতি নিবেশ করুন। ঈশ্বরের পরিবারের সদস্য হয়ে আপনি বিশুদ্ধ আনন্দে পরিপূর্ণ হবেন। আপনার পুরাতন মনুষ্যত্ব মারা গিয়েছে এবং এখন প্রভু যীশু খ্রীষ্টে আপনি নতুন জীবন পেয়েছেন। এটি একটি সম্পূর্ণ নতুন ধরণের চিন্তাধারা। **আপনি পরিবর্তিত হচ্ছেন!**

রোমীয় ৮:৫–৬, রোমীয় ১২:২, ১ করিন্থীয় ২:১৬, ইফিষীয় ২:৬, ফিলিপীয় ২:৫, ফিলিপীয় ৩:২০ক, ফিলিপীয় ৪:৬–৮, কলসীয় ৩:১–৩, ২ তীমথিয় ১:৭

আমাদের ঐতিহ্য হয় আমাদের জৈবিক পিতা-মাতা এবং আদমের বংশের হবে অথবা ঈশ্বরের পরিবারের হবে। অন্য কোনোও বিকল্প নেই। প্রভু যীশু খ্রীষ্টে বিশ্বাস ছাড়া, আমরা প্রত্যেকে আদমে থেকে যাই।



বিশ্বাসীদের অনেকের ধারণা যে তাদের একটি পা আদমের বংশে (বা আমাদের জাগতিক পরিবারের জগতে) এবং অন্য একটি পা ঈশ্বরের পরিবারে রাখতে পারে। এর পরিণামটি হয় অন্তরের দ্বন্দ্ব এবং আত্মিক অশান্তি। সঠিক নির্বাচন করতে না পারাটা আমাদেরকে বিভ্রান্ত করে এবং ঈশ্বরের জয়ে জয়ী হতে দেয় না।

মথি ৭:১৩-১৪, রোমীয় ৬:১৬, রোমীয় ৭:১৪-২৫, রোমীয় ৮:১-২,
১ করিন্থীয় ১৫:২২, গালাতীয় ৫:১৬, ফিলিপীয় ৩:২০

ঠিক যেমন ভাবে ঈশ্বর তিনটি স্বত্ত্বায় (পিতা, পুত্র ও পবিত্র আত্মা) আছেন সে ভাবে আমরাও তিনটি মাত্রায় রয়েছি। আমরা দেহে বাস করি যা আমাদের ইন্দ্রীয় দ্বারা পরিবেশের সঙ্গে সম্পর্কিত। আমাদের প্রাণ আছে যা হল আমাদের ব্যক্তিত্ব, যার মধ্যে আমাদের মন, ইচ্ছা ও সকল আবেগ রয়েছে। এবং আমরা আত্মা, যেটিকে এখন প্রভু যীশুতে আমাদের বিশ্বাস করা ও জ্ঞান দ্বারা যা আমরা পেয়েছি তাঁর সঙ্গে ক্রুশে মৃত্যু বরণ করার, সমাধিস্থ হওয়ার এবং পুনরুত্থিত হওয়ার মাধ্যমে জীবিত করা হয়েছে। আমাদের আত্মিক মাত্রাটি হল সেই অংশ যা ঈশ্বরের সঙ্গে সম্পর্কিত।



আদিপুস্তক ২:৭, মথি ৩:১৩-১৭, যোহন ৩:৬, রোমীয় ৮:১০,
১ করিন্থীয় ৩:১৬-১৮, ১ থিষলনীকীয় ৫:২৩-২৪, ইব্রীয় ৪:১২

আমাদের ভূমিকাটি হল প্রভু যীশু খ্রীষ্টের প্রতি সম্পূর্ণ রূপে সমর্পিত থাকা। তাঁর ইচ্ছে হল আমাদের মধ্যে এবং আমাদের দ্বারা তাঁর জীবন যাপন করা যেন তিনি এ জগতে তাঁর উদ্দেশ্যটিকে পূর্ণ করেন।



আমরা আক্ষরিক অর্থে খ্রীষ্টের দেহ এবং তিনি আমাদের প্রত্যেককে ব্যবহার করে অন্যদের কাছে পৌঁছাতে এবং তাঁর পরিবারটিকে বিস্তার করতে চান। ঈশ্বরের পরিবারে আপনার স্বাগত। আপনি নতুন একটি সৃষ্টি! আপনার পুরাতন মনুষ্যত্বটিকে “বিদায়” জানান এবং নতুন মনুষ্যত্বটিকে “স্বাগত” জানান, প্রভু যীশু খ্রীষ্ট আপনার অন্তরে বাস করেন।

রোমীয় ৬:১১-১৩, রোমীয় ৮:১০, রোমীয় ১২:১, রোমীয় ১২:৪-৫, ১ করিন্থীয় ৩:১৬, ১ করিন্থীয় ৬:১৯-২০, ২ করিন্থীয় ৫:১৬-২১, ইফিষীয় ৪:২১-২৪, ফিলিপীয় ২:৫-৮, কলসীয় ১:২৭, ১ যোহন ৩:১-৩, ১ যোহন ৩:৯-১০, ১ যোহন ৫:১৮-১৯

ঈশ্বরের একটি সন্তানরূপে এবং প্রভু যীশুর সহ-উত্তরাধিকারী রূপে, আমরা তাঁর সাথে একটি উত্তরাধিকারের সহভাগী হওয়া এবং প্রাচুর্য্যের জীবনের একটি আভাস প্রাপ্ত করা আরম্ভ করি। আপনার অন্তরে তাঁর নতুন আত্মার সাথে আপনি হয়ত চাইবেন ঈশ্বরের পথ সম্বন্ধে আরও জানতে যেন আপনি তাঁকে অনুসরণ করতে করেন। ঈশ্বর নিজেকে পূর্ণরূপে প্রকাশ করেছেন তাঁর পুত্র প্রভু যীশুর মাধ্যমে। সেজন্য তাঁর সম্বন্ধে যতটা বেশি সম্ভব জানুন। একটা বাইবেল নিন, নতুন নিয়মে প্রভু যীশুর জীবন সম্বন্ধে পাঠ করুন। যোহন লিখিত সুসমাচার দিয়ে আরম্ভ করলে ভাল হয়। পুরাতন নিয়মের আদি পুস্তকের প্রথম বারোটি অধ্যায় সমস্ত কিছু আরম্ভ হওয়ার কথা ব্যাখ্যা করে। প্রত্যেকটি পৃষ্ঠাতে কি বলা হয়েছে তা ভালোভাবে বুঝতে এই বইয়ের পৃষ্ঠাগুলির নিম্নে দেওয়া উল্লেখগুলির সঙ্গে আপনার বাইবেলটি মিলিয়ে নিন, অথবা এই বইয়ের উল্লেখের বিভাগটিতে উল্লিখিত বাইবেলের পদগুলোকে দেখুন।



- প্রত্যেক দিন প্রার্থনায় আপনার নতুন পিতার সঙ্গে কথা বলুন। আপনার নতুন জীবন ও নতুন পরিবারের জন্য তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করুন। তাঁর সঙ্গে বন্ধুর মতো করে অকপটে এবং ঘনিষ্ঠভাবে কথা বলুন যেন তিনি আপনার পাশে বসে আছেন। তাঁকে প্রভু যীশু রূপে কল্পনা করুন, যার সাথে আপনি আপনার বড় দাদা রূপে সম্পর্ক স্থাপন করতে পারেন। বাইবেল পাঠ করুন। এখন যখন আপনার কাছে একটি নতুন আত্মা রয়েছে, যখন ঈশ্বরের আত্মা আপনার মধ্যে রয়েছেন, তখন আপনি শাস্ত্রবাক্যের অর্থটি কি তা বুঝতে একটি নতুন বোধ প্রাপ্ত করবেন। বাইবেলের বাক্যগুলো হল ঈশ্বরের বাক্য এবং আপনার নতুন পিতার আপনার সঙ্গে কথা বলার উপায়। তিনি আপনাকে আপনার কল্পনার চেয়েও বেশি প্রেম করেন।
- একটি চার্চ, সভা এবং/বা একটি বাইবেল অধ্যয়ন সভার অন্বেষণ করুন যেখানে আপনি অন্যেদের সঙ্গে মিলিত হতে পারবেন এবং আপনার বিশ্বাসে বৃদ্ধির সঙ্গে সঙ্গে আপনি প্রতিশ্রুতিবদ্ধ থাকতে পারবেন।
- আপনার স্বর্গস্থ পিতা অন্য সকল বিশ্বাসীদের মাধ্যমে প্রায়ই আপনার সঙ্গে কথা বলবেন।
- প্রভু যীশুর প্রতি সমর্পিত হওয়ার পর পরেই জলের বাপ্তিস্ম গ্রহণ করা উচিত। এটা হল তাঁকে অনুকরণ করা, তাঁর প্রতি বাধ্য হওয়ার, এবং তাঁর সঙ্গে চিহ্নিত হওয়ার একটি কার্য্য স্বরূপ।
- একজন খ্রীষ্টে থাকা ধর্মপিতা বা মাতার অন্বেষণ করুন যিনি আপনাকে শিক্ষা দিবেন ও শিষ্য বানাবেন পারবেন, যার কাছে আপনি শিখতে পারবেন এবং দায়বদ্ধ হতে পারবেন।
- প্রভু যীশুতে আপনার নতুন বিশ্বাস ও আস্থাটির কথা অন্যেদের গিয়ে বলুন।
- আমরা একটি বাইবেল ক্রয় করার জন্য পরামর্শ দিই। বিশেষ করে, পবিত্র বাইবেল, নিউ লিভিং ট্রান্সলেশন (এন এল টি)-টিকে, Tyndale House Publishers, Inc.

আপনার আত্মিক যাত্রায় ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন!

যিহোশূয় ১:৮, মথি ৩:১৩-১৭, মথি ৭:৭-৮, মথি ১০:৩২, যোহন ১৪:১৩-১৪, যোহন ১৫:৭, ফিলিপীয় ৪:৬-৭, ইব্রীয় ৪:১২, যাকোব ৫:১৫-১৬, ১ যোহন ১:৯

আর এই যুগের অনুরূপ হইও না, কিন্তু মনের নূতনীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও; যেন তোমরা পরীক্ষা করিয়া জানিতে পার, ঈশ্বরের ইচ্ছা কি, যাহা উত্তম ও প্রীতিজনক ও সিদ্ধ।
রোমীয় ১২:২, এন এল টি




কারণ আমি জীবিত আছি, এই জন্য তোমরাও জীবিত থাকিবে। সেই দিন তোমরা জানিবে যে, আমি আমার পিতাতে আছি, ও তোমরা আমাতে আছ, এবং আমি তোমাদিগতে আছি।
যোহন ১৪:১৯খ-২০



আমরা তাঁর সঙ্গে ক্রুশারোপিত হয়েছি, তাঁর সঙ্গে সমাধিস্থ হয়েছি, তাঁর সঙ্গে উঠিয়াছি, এবং এখন আমরা তাঁর সঙ্গে ঈশ্বরের সম্মুখে বসে আছি।



এবং তিনি খ্রীষ্ট প্রভু যীশুতে আমাদিগকে তাঁহার সহিত উঠাইলেন ও তাঁহার সহিত স্বর্গীয় স্থানে বসাইলেন কেননা আমরা খ্রীষ্ট প্রভু যীশুর সঙ্গে এক হয়েছি।
ইফিষীয় ২:৬, এন এল টি



খ্রীষ্টের সহিত আমি ক্রুশারোপিত হইয়াছি, আমি আর জীবিত নই, কিন্তু খ্রীষ্টই আমাতে জীবিত আছেন; আর এখন মাংসে থাকিতে আমার যে জীবন আছে, তাহা আমি বিশ্বাসে, ঈশ্বরের পুত্রে বিশ্বাসেই, যাপন করিতেছি; তিনিই আমাকে প্রেম করিলেন, এবং আমার নিমিত্তে আপনাকে প্রদান করিলেন।

গালাতীয় ২:২০ এন এল টি

# এখন যেহেতু আপনি ঈশ্বরের সন্তান ...

ঈশ্বরের নতুন সন্তান হওয়াতে, আপনি সেই সকল সুবিধা পেয়েছেন যা তাঁর পুত্র বা পুত্রীর। আপনি তাঁর সঙ্গে সহকারিতা করতে পারেন, তাঁকে পিতা বলে ডাকতে পারেন, তাঁর কোলে বসতে পারেন, মনের কথা খুলে বলতে পারেন, এবং তাঁকে করে তুলতে পারেন আপনার প্রেমময় পিতা, সহচর, বন্ধু, সরবরাহকারী ও বিশ্বাসপাত্র। এ সকল সুবিধার সঙ্গে কিছু দায়িত্বও রয়েছে এবং তার কয়েকটির ব্যাখ্যা পরবর্তি পৃষ্ঠাগুলিতে দেওয়া হবে। আপনাকে নির্দেশ দেওয়া হচ্ছে যে খ্রীষ্টকে গ্রহণ করার পর সঙ্গে সঙ্গে কোনোও ব্যক্তিকে এ কথাটিকে বলতে।


**অতএব যে কেহ মনুষ্যদের সাক্ষাতে আমাকে স্বীকার করে, আমিও আপন স্বর্গস্থ পিতার সাক্ষাতে তাহাকে স্বীকার করিব। মথি ১০:৩২**

সমস্যাটি হল, এ কাজটিকে কিভাবে করতে হবে তা আমাদের কেউ শিখিয়ে দেয়নি, কিন্তু বিষয়টি সহজ এবং **কিভাবে আপনার কাহিনীটিকে বলতে হবে**–এই পুস্তকটির আগামী কয়েকটি পৃষ্ঠায় তা ব্যাখ্যা করা হয়েছে। এর মূল মন্ত্র হল আগ্রহপূর্ণ ইচ্ছা থাকা এবং বিষয়টি সহজ ও সরল হবে, যদি আপনি আন্তরিকভাবে প্রার্থনা করে থাকেন এবং প্রভু যীশুকে আপনার ইচ্ছা ও জীবনটিকে গ্রহণ করতে প্রার্থনা করে থাকেন। এই মুহূর্তে তিনি আপনার অন্তরে থেকে আপনার চিন্তাধারা, বিচার শক্তি এবং অনুভূতিকে পরিবর্তন করছেন। বিষয়টি এতটাই সহজ যেমন **আমি অন্ধ ছিলাম ও এখন দেখিতে পাইতেছি (যোহন ৯:২৫)।** যখন আপনি আপনার নিজের কাহিনীটিকে বলেন তখন আপনি বাধ্য হন এবং ঈশ্বরের ইচ্ছা অনুসারে কাজ করেন। আপনি আপনার নতুন জীবনটিকে আরম্ভ করছেন। মনে রাখবেন যে এটা আপনি নন, বরং খ্রীষ্ট আপনার মধ্যে রয়েছেন, অতএব প্রস্তুত থাকুন এবং তাঁকে বলতে দিন।



# ... এটিকে হস্তান্তর করুন!

আমাদেরকে দায়িত্ব প্রদান করা হয়েছে অন্যদেরকে প্রভু যীশু খ্রীষ্টের বিষয়ে জানানোর এবং ঈশ্বরের রাজ্যের বর্ণনাটি দেওয়ার দায়িত্বটিকে প্রদান করা হয়েছে। (কারণ যাহা হারাইয়া গিয়াছিল, তাহার অন্বেষণ ও পরিত্রাণ করিতে মনুষ্যপুত্র আসিয়াছেন। লূক ১৯:১০।) আপনি হলেন প্রভু খ্রীষ্টের দেহ এবং পরবর্তি কয়েকটি পৃষ্ঠার নির্দেশগুলোকে পালন করে আপনি এ কাজটিকে চালিয়ে যেতে পারেন। মূল বিষয়টি হল লভ্যতা। আপনি যেন নিজেকে সহজলভ্য করেন যেন প্রভু যীশু খ্রীষ্ট আপনার দ্বারা জীবন যাপন করে অন্যদের কাছে পৌঁছাতে পারেন। তিনি আপনাকে অচেনা লোকদের সঙ্গে কথা বলতে বলেননি, বরং পরিচিত ব্যক্তিদের কাছে যেতে বলেছেন, কিন্তু পরিচিত লোকেদের সাথে সাক্ষাৎকার করতে প্রতিদিন তাদের সাথে দেখা করুন। ইতিমধ্যেই তিনি তাদের চয়ন করে রেখেছেন, আর যখন আপনি মনে করেন এমন কোনো ব্যক্তির বিষয়ে যে প্রভু যীশু খ্রীষ্টের বিষয়ে জানতে ইচ্ছুক হতে পারে, তখন আপনি খ্রীষ্টের মন থেকে ভাবা আরম্ভ করছেন। কিভাবে সাক্ষী হতে হবে বিভাগটি শেখায় যে কিভাবে কোনো ব্যক্তিকে প্রভু যীশু খ্রীষ্ট সম্বন্ধে জানাতে হবে এবং ঈশ্বরের শান্তি পেতে সাহায্য করতে হবে। নির্দেশগুলি কঠিন নয়। প্রয়োজন হল আপনার ইচ্ছা শক্তির এবং প্রভু যীশু খ্রীষ্টকে আপনার দ্বারা জীবন যাপন করতে দেওয়ার ইচ্ছা।



**আমার সর্ব্বপ্রথম নিবেদন এই, যেন সকল মনুষ্যের নিমিত্ত, বিনতি, প্রার্থনা, অনুরোধ, ধন্যবাদ করা হয়। ১ তীমথিয় ২:১**




আমি অন্ধ ছিলাম, এখন দেখিতে পাইতেছি! যোহন ৯:২৫

# কিভাবে আপনার কাহিনীটিকে বলতে হবে

## ব্যক্তিগত সাক্ষ্য দ্বারা খ্রীষ্টীয় সাক্ষী হওয়া

ব্যক্তিগত সুসমাচার প্রচারটিকে অভ্যাস করার প্রথম পদক্ষেপটি হল প্রভু যীশু খ্রীষ্টকে জানার ও বিশ্বাস করার আপনার নিজ সাক্ষ্যটিকে বলা। দুই প্রকারের ব্যক্তিগত সাক্ষ্য রয়েছে। একটি হল ঐতিহাসিক, যা হল প্রভু যীশু খ্রীষ্টকে প্রভু ও ঈশ্বর রূপে এবং আপনার প্রাণের উদ্ধারকর্তা রূপে আপনার ভরসা করার পূর্বে, ভরসা করার সময় ও ভরসা করার পরের জীবনের বিষয়ে বলা। অন্যটি হল প্রসঙ্গ বিষয়ক সাক্ষ্য, অর্থাৎ আপনার মুক্তির সময়ে এবং তার পরবর্তিকালে আপনার জীবনে কি পরিবর্তন হয়েছে, সে বিষয়ে সাক্ষ্য। এটি সেই ব্যক্তির জন্য উপযুক্ত হতে পারে যে বাল্যবস্থায় খ্রীষ্টের কাছে এসেছিল এবং তার পরে রূপান্তরণ থেকে কি কি তার জীবনে হয়েছে সেবিষয়ে বলে। আরেকটি উদাহরণ হতে পারে সেই ব্যক্তির যে জানতো যে সে খ্রীষ্টীয়, কিন্তু বাস্তবে ঈশ্বরকে জানতো না, এবং পরবর্তিকালে নিজেকে সমর্পণ করেছে ও অনুতাপ করেছে।

**নিজের সাক্ষ্যটিকে এমন কোনও বিষয় দিয়ে আরম্ভ করুন যা আপনার ও অন্য ব্যক্তিটির জানা; যেমন একই শহর, একই কর্ম, একই বিদ্যালয়, ইত্যাদি। এমন কোনো বিষয় খুঁজে বের করুন যা দুজনারই কাছে রুচিকর।**

# এটি কেমন ছিল

আপনার কাহিনীটিকে বলার ক্ষেত্রে, সংক্ষেপে সেই ঘটনার কথা বলুন যেখান থেকে আপনার মনে হয়েছিল যে আপনার চিন্তাধারা ও জীবন যাপনের ধরণ পরিবর্তন করা উচিত। আমরা সকলেই জীবনে কোনো না কোনো সময়ে ভূল সিদ্ধান্ত নিয়েছি, যা আমাদের মনে হয় আমাদের করা উচিত হয়নি, আর আমরা সেটাকে পরিবর্তন করতে চাই। যদি আমরা আরও একবার সেই সুযোগ ফিরে পেতাম। কখনও কখনও পর পর অনেকগুলি বিষয়ে আমরা ভূল করে থাকি, অথবা একটিমাত্র বড় ভূল হতে পারে, অথবা অজানা কোনোও ঘটনা হতে পারে যার জন্য আমরা অনুতপ্ত হই। পরিস্থিতি যাই হোক না কেন, আমাদের কর্মের বা আচরণের ফলটি এমন হতে পারে যা আমাদের জীবনের শেষের মুখে নিয়ে যেতে পারে। এটি হল এমন এক সময় যখন আপনার মনে হয় যে আপনি এভাবে আর এগিয়ে যেতে পারছেন না, এবং এগিয়ে গেলে তার ভারী মূল্য শোধ করতে হতে পারে। এমনও হতে পারে যে আপনি পূর্বেই এমন স্তরে পৌঁছে গিয়েছেন যার মূল্য শোধ করছেন। আমাদের অনেকের জীবনে এমন এক সময় আসে যখন আমরা বুঝতে পারি যে আমরা নিজের উপরে আর নির্ভরশীল হতে পারব না। নিজে এ কাজ করে উঠতে পারব না। সে সময়ে নিজে ঈশ্বর না সেজে আমাদের বাস্তব ঈশ্বরকে অন্বেষণ করতে হবে।



# কি ঘটেছিল

আমরা যখন নিজেকে নম্র করি এবং বুঝতে পারি যে আমরা জগতের প্রভু নই, তখন আমরা উপায় খোঁজার চেষ্টা করি। অদ্ভুত ও অলৌকিক ভাবে একজন প্রচারকের উৎপত্তি হয় যে আমাদেরকে ঈশ্বরের সঙ্গে অনন্ত ও শান্তির জীবনের কথা বলে। সে যে কেউ হতে পারে, কোনো বন্ধু, বা কোনো আত্মীয়, বা কোনো অল্পবয়সী ছেলে বা মেয়ে, ভাই বা বোন বা পরিচিত কেউ। সে আপনাকে চার্চে বা বাইবেল অধ্যয়ন সভায় যেতে বলতে পারে। সে আপনাকে সাক্ষ্য দিতে পারে (তার



ব্যক্তিগত সাক্ষ্য দ্বারা) এবং আপনার সকল সমস্যার সমাধানের জন্য আপনাকে আরো অধিক আত্মিক পথে চলার কথা বলতে পারে, যেমন প্রথমে প্রভু যীশুকে অন্বেষণ করা এবং পূর্বের ন্যায় এগিয়ে যাওয়ার শক্তির অভাবটিকে স্বীকার করে নেওয়া। কিন্তু ঈশ্বরকে অন্বেষণ করার সময়ে



কিছু আপনার ধ্যানটিকে আকর্ষণ করবে এবং জীবনের একটি নতুন পথের প্রতি সমর্পিত ও গ্রহণ করতে আপনি অন্তিমে প্রস্তুত হন। আপনি ঈশ্বরের একটি সন্তান হতে চান এবং সেই সব কিছু চান যা অর্জন করা যেতে পারে। এমনটি আপনার সঙ্গে ঘটে। আপনি এখন প্রভু যীশু খ্রীষ্টকে বিশ্বাস করেছেন এবং তাঁকে আপনার ইচ্ছা ও জীবনের উপরে নিয়ন্ত্রণ করতে নিবেদন করেছেন। নতুন জীবনটির সূচনা হয়েছে।

## এখন এটি কিরূপ

আপনি ঈশ্বরের সন্তান হয়েছেন, একজন বিশ্বাসী হয়েছেন যার নতুন জন্ম হয়েছে। প্রভু যীশু খ্রীষ্টকে আপনি প্রভু, ঈশ্বর, ত্রাণকর্তা ও জীবন বলে প্রেম ও বিশ্বাস করা আরম্ভ করেছেন। আপনার জীবন বদলে গিয়েছে এবং এখন আপনার নতুন মনোভাব ও জীবনের নতুন মানের সাথে আপনি সঠিক পথে চলছেন। এখন আপনি আপনার স্বর্গস্থ পিতার প্রতি দায়বদ্ধ। এই বিভাগটিতে আপনি আপনার জীবনের সেই পথগুলোকে স্মরণ করুন যেগুলো পরিবর্তিত হয়েছে, এবং আপনার চিন্তাধারা এমনকি আপনার ব্যক্তিত্ব কিরূপ পরিবর্তিত হয়েছে। ব্যাখ্যা করুন কিভাবে ঈশ্বরের অনুগ্রহ আপনাকে সমস্ত সমস্যার সম্মুখীন হতে সাহায্য করছে এবং কিভাবে ঈশ্বরের আত্মা আপনাকে সঠিক কাজ করতে প্রণোদিত করেন এবং আপনি ভূল পথে গেলে কিভাবে সংশোধন করেন। এই অনুচ্ছেদে আপনি ভাল ও মন্দ বিষয়ের বিবরণ দিতে পারেন। আমরা জানি এটি সর্বদা ভাল নয়। জরুরি বিষয়টি হল যে আপনার মধ্যে খ্রীষ্ট কার্যকারী এবং আপনার মধ্যে কাজ চলছে।



# এর পরে কি হবে



এখান থেকে আমরা খ্রীষ্টে বৃদ্ধি পাই। কখনও কখনও রাস্তাটি অসমান ও গর্তে ভরা থাকতে পারে, কিন্তু আমাদের সম্মুখীন হওয়া বাধা ও সমস্যাগুলোর সাথে প্রতিদ্বন্দিতা করতে আমাদের কাছে এক নতুন সাধনী রয়েছে। পবিত্র আত্মা দ্বারা আমাদের মধ্যে এখন ঈশ্বরের শক্তি রয়েছে যিনি আমাদের পথ দেখান এবং পুরাতন জীবনের ভূল কাজগুলোকে করতে বাধা দেন। আমরা বাইবেল পাঠ করি, এবং খ্রীষ্টের পথ ও পন্থার কথা জেনে তাঁকে অনুসরণ করি। আমরা অনুভব করি এবং বুঝতে পারি যে, যখন খ্রীষ্ট মারা গিয়েছিলেন তখন আমাদের পুরাতন মনুষ্যত্বটিও তাঁর সঙ্গে মারা গিয়েছিল এবং এখন আমরা হলাম নতুন সৃষ্টি। আমাদের প্রয়োজন শুধুমাত্র একথা জানার ও বোঝার যে প্রভু যীশু খ্রীষ্ট আমাদের অন্তরে বাস করেন এবং এই বুনিয়াদী সত্যটিকে যথাযথ উপলব্ধি করা যেহেতু আমরা রক্ষা পাচ্ছি এবং তার স্বরূপে রূপান্তরিত হচ্ছি। একজন খ্রীষ্টীয়রূপে পরিপক্ক হওয়ায় আপনি উত্থাপিত ত্রাণকর্তাকে অনুকরণ করা আরম্ভ করেন। আপনি একথা অনুভব করা আরম্ভ করেন যে প্রভু যীশু খ্রীষ্ট, যিনি হলেন জীবিত ঈশ্বর আপনার মধ্যে ও আপনার মাধ্যমে তার জীবনটিকে যাপন করতে চাইছেন যেন তাদের সম্বন্ধে তাঁর ইচ্ছা পূর্ণ করতে পারেন যারা তাঁর, ঈশ্বরের সন্তান। অতীতকে পিছনে ফেলে এবং তাঁকে অনুসরণ করে আপনি খ্রীষ্টের মতো হচ্ছেন।








গীতসংহিতা ৪০:৩, যোহন ৯:২৫, যোহন ১২:১৭, কলসীয় ৪:৫–৬, ১ থিষলনীকীয় ১:৬–৮, ১ পিতর ৩:১৫, প্রকাশিত বাক্য ১২:১১, প্রকাশিত বাক্য ১৯:১০



# কিভাবে সাক্ষ্য দিতে হবে

**একজন অবিশ্বাসীকে প্রভু যীশু খ্রীষ্টের পরিচয় জানাবার নির্দেশসমূহ।** ক্রুশের বার্তাটি কার্যকরভাবে পৌঁছানোর এগুলি হল দশটি পরামর্শ। নির্দেশগুলি সাবধানে পালন করুন, আপনি সফল হবেন। আপনি একজন কার্যকর বীজ রোপণকারী ও আত্মার জয়ী হবেন। যাই হোক, ঈশ্বরের রাজ্যটিকে বিস্তার করতে আপনি সম্মিলিত হবেন এবং সেটাই হল আপনার বেঁচে থাকার প্রধান উদ্দেশ্য।

- **দশটি লোকের কথা চিন্তা করুন।** এরা আপনার বন্ধু, আত্মীয়, প্রিয়জন অথবা সেই সকল মানুষ হতে পারে যাদের সঙ্গে আপনার দৈনন্দিন জীবনে উঠা-বসা হয়, হয়তো সে সকল জায়গায় যেখানে আপনি বাজার করেন, খেলা করেন বা কাজ করেন।
- **তাদের নাম লিখুন**। বিশেষ দশটি নাম লেখা শেষ হলে, কাগজের সেই টুকরোটিকে এমন যায়গায় লাগিয়ে রাখুন যেখানে আপনি রোজ তাদের কথা স্মরণ করতে পারবেন।
- **প্রত্যেকটি ব্যক্তির মুক্তির জন্য প্রার্থনা করা আরম্ভ করুন।** প্রার্থনা করার সময়ে ঈশ্বরের কাছে নিবেদন করুন যেন তিনি তাদের মন খুলে দেন যেন তারা প্রভু যীশু ও অনন্ত জীবনের কথা শোনে। মনে রাখবেন, আমরা মন্দ মানুষকে ভাল করার বিষয়টিকে অন্বেষণ করছি না, কিন্তু অনন্ত জীবনের উপহার দিয়ে যা আপনি নিজে পেয়েছেন, আত্মিকরূপে মৃত মানুষকে জীবিত করতে চাইছি।

- **প্রত্যেকটি মানুষের জন্য একুশ দিন ধরে প্রার্থনা করুন।** এই বিশেষ আত্মাগুলির জন্য আপনি কত সময় ধরে প্রার্থনা করবেন ঈশ্বর তার পরোয়া করেন না, কিন্তু আমরা জানি যে কোনো অভ্যাস তৈরি করতে একুশ দিন সময় লাগে। সেজন্য, নিশ্চিত করুন যে ততটা সময় ধরে প্রার্থনা করবেন। তবে বিনষ্টদের জন্য প্রার্থনা করার আপনার এক প্রবল অভ্যাস তৈরি হবে।



- **প্রত্যেকটি ব্যক্তির সঙ্গে যোগাযোগ করুন।** একুশ দিন পরে যখন আপনি আপনার বিশেষ মানুষগুলোকে প্রার্থনায় আচ্ছাদিত করবেন তখন আরম্ভ হবে কর্ম করার সময়। প্রথম ব্যক্তির সঙ্গে যোগাযোগ করে তাকে বলুন যে আপনি তাকে বিশেষ কিছু দেখাতে চান, এবং দেখতে চান সেটি তার জন্য কতটা কার্যকারি হবে। আপনার বন্ধুটিকে কফি বা মধ্যাহ্নের জন্য নিমন্ত্রণ জানান। যোগাযোগ করতে থাকুন যতদিন না আপনি উত্তরে 'হ্যাঁ' কথাটি শোনেন।
- **কিভাবে ঈশ্বরের একটি সন্তান হতে হবে পুস্তকটিকে তাকে দেখান।** আপনার বন্ধুটিকে বলুন যে আপনি এই ছোট বইটিকে দেখেছিলেন এবং কিভাবে বইটি আপনাকে প্রভাবিত করেছে এবং দেখতে চান সেটি তার পক্ষে উপকারী হয় কি না। যদি আপনার কাছে আসল বইটি না থাকে আর যদি আপনার কাছে কম্পিউটার বা আই প্যাড বা স্মার্ট ফোন থাকে তবে আপনি www.howtobeachildofgod.com এখানে গিয়ে ই-বুকটিকে পাঠ করতে পারেন, অথবা এর ভিডিওটিকে দেখতে পারেন।
- **বইটির প্রত্যেকটি পৃষ্ঠা পাঠ করুন।** পৃষ্ঠা ১৪ তে লেখা প্রার্থনাটি পাঠ করুন, কিন্তু তারপরে সমস্ত বইটা পাঠ করুন। আপনার বন্ধুকে বইয়ের পিছনে উক্ত শাস্ত্রবাক্যগুলোকে দেখিয়ে বলুন, যে এগুলি হল সহজ প্রসঙ্গের উল্লেখ, বাইবেল না পাওয়া গেলে এগুলি থেকে সাহায্য নেওয়া যেতে পারে। কিভাবে পদগুলি বইয়ের উল্লেখকে প্রমাণিত করছে সেটা স্পষ্ট করে দিন।



খ্রীষ্ট তোমাদের মধ্যবর্তী
কলসীয়১:২৭

• **আপনার কাহিনীটিকে বলুন।** এখন আপনার বিবরণী বা সাক্ষ্য দিন যে আপনি কিভাবে প্রভু যীশু খ্রীষ্টকে জেনেছিলেন। যে কোনো সাক্ষ্য বলে দেয় যে: কি ছিল, কি হল, এখন কি হচ্ছে। যদি আপনার কাছে এমন একটি সাক্ষ্য না থাকে যেটিকে আপনি অন্য কারোর সাথে সম্পর্কিত করতে পারেন, তবে পৃষ্ঠা ১৪ তে লেখা প্রার্থনাটিকে সজোরে পাঠ করুন এবং হৃদয়ে যা বললেন তা বিশ্বাস করুন। তারপরে ফিরে গিয়ে আবার কথোপকথনটিকে করতে পারেন। এই প্রবন্ধটি কিভাবে আপনার কাহিনীটিকে বলতে হবে: ব্যক্তিগত সাক্ষ্যের মাধ্যমে খ্রীষ্টীয় সাক্ষ্য হওয়া যা এই পৃষ্ঠাগুলোতে রয়েছে দেখুন।

• **একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন করুন।** আপনার বন্ধুটিকে জিজ্ঞাসা করুন যে আপনার বলা কথাগুলিকে সে বুঝতে পেরেছে কি না। তাকে প্রশ্ন করুন যে তার কি মনে হয়, মৃত্যুর পরে সে কি স্বর্গে যাবে। তাকে প্রশ্ন করুন যে তার কি মনে হয়, অনন্ত জীবনটি কি। তার সঙ্গে খ্রীষ্টকে কেন্দ্র করে আত্মিক বিষয়ে কথোপকথন করুন। ঈশ্বর আপনার মুখে কথা এনে দেবেন, আপনাকে শুধুমাত্র ইচ্ছুক এবং সুস্পষ্ট হতে হবে।

• **আপনার বন্ধুটিকে প্রভু যীশু খ্রীষ্টের সম্বন্ধে বলুন।** যদি ব্যক্তিটির প্রতিক্রিয়া ইতিবাচক হয়, ("আপনি যা পেয়েছেন আমিও তা চাই। কিভাবে খ্রীষ্টিয়ান হওয়া যাবে? আমি আরও জানতে চাই।") তাহলে কিভাবে ঈশ্বরের একটি সন্তান হতে হবে বইটির পৃষ্ঠা ১৪ তে গিয়ে সেই প্রার্থনাটি স্বজোরে প্রার্থনা করে তাকে প্রভু খ্রীষ্টে নেতৃত্ব দিন, আপনার বন্ধুকে সেই প্রার্থনাটিকে নিজেকে উচ্চারণ করতে দিন, অথবা আপনাকে অনুকরণ করতে বলুন। তার সঙ্গে প্রার্থনা করার পর তাকে পৃষ্ঠা ১৫-২০ তে উল্লিখিত কথা ও ছবিগুলোকে দেখান যেন সে ক্রুশের বার্তাটিকে ভালোভাবে বুঝতে পারে। আপনি যদি একান্তভাবে চেষ্টা করে থাকেন তাহলে, মহিমায় এক নতুন নামের উল্লেখ হবে, এবং আপনার বন্ধু হয়ে উঠবে ঈশ্বরের সন্তান!

# ফসল কাটা

এই সহজ নির্দেশগুলোকে পালন করে আপনি একজন আত্মা জয়কারী হতে পারেন। সেবিষয়ে কোনো সন্দেহ বা শর্ত নেই। ঈশ্বর আপনাকে বৈশিষ্ট্যপূর্ণ ব্যক্তিত্ব দিয়ে সৃষ্টি করেছেন এবং আপনাকে একটি প্রভাব ক্ষেত্র প্রদান করেছেন যেন আপনি নির্দিষ্ট লোকেদের প্রভাবিত করতে পারেন যাদের আপনি ইতিমধ্যে চিনেছেন। আপনার পক্ষে যা করণীয় তা হল, প্রার্থনা করা এবং তাদের সঙ্গে যোগাযোগ করা। **বাকিটা তিনি করবেন**! হতে পারে আপনার তালিকায় যাদের নাম রয়েছে তাদেরকে স্বয়ং তিনি নির্বাচন করেছেন। তাদের কেবল একজন প্রচারক চাই এবং সেটি হলেন আপনি! **যখন আপনি আপনার বন্ধুর সঙ্গে কথা বলবেন তখন ঈশ্বর আপনার মাধ্যমে কথা বলবেন। কেবল বিশ্বাস করুন যে এ সকল বিষয়ের পরিকল্পনা অনেক আগে থেকে করা হয়েছে এবং ঈশ্বর কেবল আপনার অপেক্ষায় ছিলেন।** আমাদের পিতার ইচ্ছা কেবল এই যে আপনি সহায়ক হন। কেবল একটি বাধা হতে পারে যে খ্রীষ্টের কাছে আসার জন্য সে ব্যক্তির পক্ষে এটি সঠিক সময় নয়। সে ক্ষেত্রে সে দিন আপনি একজন আত্মা জয়কারী হবেন না কিন্তু বীজ রোপণকারী হবেন। যাইহোক না কেন, আপনি আপনার স্বর্গস্থ পিতার বাধ্য হবেন, এবং তিনি সেটাই চান। যদি আপনি ঈশ্বরের সন্তান হন, তবে আপনি নয় বরং খ্রীষ্ট আপনার মাধ্যমে সমস্ত কাজ করছেন।



মথি ৪:১৯-২০, মথি ১০:৩২, লূক ৯:৬০, লূক ১০:২, লূক ১৯:১০, যোহন ১৫:১৬, প্রেরিত ১:৮, প্রেরিত ৯:২৮, ১ তীমথিয় ২:৩-৪

# বাইবেলের পদসমূহ দেওয়া হল

১ করিন্থীয় ১৫:২২ কারণ আদমে যেমন সকলে মরে, তেমনি আবার খ্রীষ্টে ইসকলে জীবন প্রাপ্ত হইবে। পৃষ্ঠা ১৭ ও ২৩

১ করিন্থীয় ১৫:৪৫-৪৬ এইরূপ লেখাও আছে, প্রথম "মনুষ্য" আদম "সজীব প্রাণী হইল;" শেষ আদম জীবন দায়ক আত্মা হইলেন। কিন্তু যাহা আত্মিক, তাহা প্রথম নয়, বরং যাহা প্রাণিক, তাহাই প্রথম; যাহা আত্মিক তাহা পশ্চাৎ। পৃষ্ঠা ৬

১ করিন্থীয় ১৫:৫৭ কিন্তু ঈশ্বরের ধন্যবাদ হউক, তিনি আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা আমাদিগকে জয় প্রদান করেন। পৃষ্ঠা ৮

১ করিন্থীয় ২:১৬ কেননা "কে প্রভুর মন জানিয়াছে যে, তাঁহাকে উপদেশ দিতে পারে?" কিন্তু খ্রীষ্টের মন আমাদের আছে। পৃষ্ঠা ২২

১ করিন্থীয় ৩:১৬-১৮ তোমরা কি জান না যে, তোমরা ঈশ্বরের মন্দির, এবং ঈশ্বরের আত্মা তোমাদের অন্তরে বাস করেন? যদি কেহ ঈশ্বরের মন্দির নষ্ট করে, তবে ঈশ্বর তাহাকে নষ্ট করিবেন, কেননা ঈশ্বরের মন্দির পবিত্র, আর সেই মন্দির তোমরাই।

১ করিন্থীয় ৬:১৭ কিন্তু যে ব্যক্তি প্রভুতে সংযুক্ত হয়, সে তাঁহার সহিত একাত্মা হয়। পৃষ্ঠা ১৫ ও ১৬ ও ২৪

১ করিন্থীয় ৬:১৯-২০ অথবা তোমরা কি জান যে, তোমাদের দেহ পবিত্র আত্মার মন্দির, যিনি তোমাদের অন্তরে থাকেন, যাঁহাকে তোমরা ঈশ্বর হইতে প্রাপ্ত হইয়াছ? আর তোমরা নিজের নও, কারণ মূল্য দ্বারা ক্রীত হইয়াছ। অতএব তোমাদের দেহে ঈশ্বরের গৌরব কর। পৃষ্ঠা ২৫

১ তীমথিয় ১:৭ কেননা ঈশ্বর আমাদিগকে ভীরুতার আত্মা দেন নাই, কিন্তু শক্তির, প্রেমের ও সুবুদ্ধির আত্মা দিয়াছেন। পৃষ্ঠা ২১

১ তীমথিয় ২:৩-৪ তাহাই আমাদের ত্রাণকর্ত্তা ঈশ্বরের সম্মুখে উত্তম ও গ্রাহ্য; তাঁহার ইচ্ছাএই, যেন সমুদয় মনুষ্য পরিত্রাণ পায়, ও সত্যের তত্ত্বজ্ঞান পর্য্যন্ত পঁহুছিতে পারে। পৃষ্ঠা ৪০

১ তীমথিয় ২:৫-৬ কারণ একমাত্র ঈশ্বর আছেন; ঈশ্বরের ও মনুষ্যদের মধ্যে একমাত্র মধ্যস্থও আছেন, তিনি মনুষ্য, খ্রীষ্ট প্রভু যীশু, তিনি সকলের নিমিত্ত মুক্তির মূল্যরূপে আপনাকে প্রদান করিয়াছেন; এই সাক্ষ্য যথাসময়ে দাতব্য। পৃষ্ঠা ৮ ও ১২

১ থিষলনীকীয় ১:৬-৮ আর তোমরা বহু ক্লেশের মধ্যে পবিত্র আত্মার আনন্দে বাক্যটী গ্রহণ করিয়া আমাদের এবং প্রভুরও অনুকারী হইয়াছ; এইরূপে মাকিদনিয়া ও আখায়াস্থ সমস্ত বিশ্বাসী লোকের আদর্শ হইয়াছ; কেননা তোমাদের হইতে প্রভুর বাক্য ধ্বনিত হইয়াছে, কেবল মাকিদনিয়াতে ও আখায়াতে নয়, কিন্তু ঈশ্বরের প্রতি তোমাদের যে বিশ্বাস, তাহার বার্ত্তা সর্ব্বত্র ব্যাপ্ত হইয়াছে; এই জন্য আমাদের কিছু বলিবার প্রয়োজন নাই। পৃষ্ঠা ৩৬

১ থিষলনীকীয় ৫:২৩-২৪ আর শান্তির ঈশ্বর আপনি তোমাদিগকে সর্ব্বতোভাবে পবিত্র করুন; এবং তোমাদের অবিকল আত্মা, প্রাণ ও দেহ আমাদের প্রভু যীশু খ্রীষ্টের আগমন কালে অনিন্দনীয়রূপে রক্ষিত হউক। যিনি তোমাদিগকে আহ্বান করেন, তিনি বিশ্বস্ত, তিনিই তাহা করিবেন। পৃষ্ঠা ২৪ ও ২৫

১ পিতর ১:১৮-১৯ তোমরা ত জান, তোমাদের পিতৃপুরুষগণের সমর্পিত অলীক আচার ব্যবহার হইতে তোমরা ক্ষয়ণীয় বস্তু দ্বারা, রৌপ্য বা স্বর্ণ দ্বারা, মুক্ত হও নাই,কিন্তু নির্দ্দোষ ও নিষ্কলঙ্ক মেষশাবকস্বরূপ খ্রীষ্টের বহুমূল্য রক্ত দ্বারা মুক্ত হইয়াছ। পৃষ্ঠা ২৫

১ পিতর ২:২৪ তিনি আমাদের "পাপভার তুলিয়া লইয়া" আপনি নিজে দেহে কাষ্ঠের উপরে বহন করিলেন, যেন আমরা পাপের পক্ষে মরিয়া ধার্ম্মিকতার পক্ষে জীবিত হই; "তাঁহারই ক্ষত দ্বারা তোমরা আরোগ্য প্রাপ্ত হইয়াছ"। পৃষ্ঠা ৪

১ পিতর ৩:১৫ যে কেহ তোমাদের অন্তরস্থ প্রত্যাশার হেতু জিজ্ঞাসা করে, তাহাকে উত্তর দিতে সর্ব্বদা প্রস্তুত থাক। কিন্তু মৃদুতা ও ভয় সহকারে উত্তর দিও। পৃষ্ঠা ৩৬

১ পিতর ৩:১৮ কারণ খ্রীষ্টও একবার পাপ সমূহের জন্য দুঃখ ভোগ করিয়াছিলেন—সেই ধার্ম্মিক ব্যক্তি অধার্ম্মিকদের নিমিত্ত—যেন আমাদিগকে ঈশ্বরের নিকট লইয়া যান।তিনি মাংসে হত, কিন্তু আত্মায় জীবিত হইলেন। পৃষ্ঠা ১২

১ যোহন ১:৭ কিন্তু তিনি যেমন জ্যোতিতে আছেন, আমরাও যদি তেমনি জ্যোতিতে চলি, তবে পরস্পর আমাদের সহভাগিতা আছে, এবং তাঁহার পুত্র প্রভু যীশুর রক্ত আমাদিগকে সমস্ত পাপ হইতে শুচি করে। পৃষ্ঠা ৪

১ যোহন ১:৯ যদি আমরা আপন আপন পাপ স্বীকার করি, তিনি বিশ্বস্ত ও ধার্ম্মিক, সুতরাং আমাদের পাপ সকল মোচন করিবেন, এবং আমাদিগকে সমস্ত অধার্ম্মিকতা হইতে শুচি করিবেন। পৃষ্ঠা ২৬

১ যোহন ৩:১-৩ দেখ, পিতা আমাদিগকে কেমন প্রেম প্রদান করিয়াছেন যে, আমরা ঈশ্বরের সন্তান বলিয়া আখ্যাত হই; আর আমরা তাহাই বটে। এই জন্য জগৎ আমাদিগকে জানে না, কারণ সে তাঁহাকে জানে নাই। প্রিয়তমেরা, এখন আমরা ঈশ্বরের সন্তান; এবং কি হইব, তাহা এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই। আমরা জানি, তিনি যখন প্রকাশিত হইবেন, তখন আমরা তাঁহার সমরূপ হইব; কারণ

তিনি যেমন আছেন, তাঁহাকে তেমনি দেখিতে পাইব। আর তাঁহার উপরে এই প্রত্যাশা যে কাহারও আছে, সে আপনাকে বিশুদ্ধ করে, যেমন তিনি বিশুদ্ধ। পৃষ্ঠা ২৫

১ যোহন ৩:৯-১০ যে কেহ ঈশ্বর হইতে জাত, সে পাপাচরণ করে না, কারণ তাঁহার বীর্য্য তাহার অন্তরে থাকে; এবং সে পাপ করিতে পারে না, কারণ সে ঈশ্বর হইতে জাত। ইহাতে ঈশ্বরের সন্তানগণ এবং দিয়াবলের সন্তানগণ প্রকাশ হইয়া পড়ে; যে কেহ ধর্ম্মাচরণ না করে, এবং যে ব্যক্তি আপন ভ্রাতাকে প্রেম না করে, সে ঈশ্বরের লোক নয়। পৃষ্ঠা ২৫

১ যোহন ৫:১২-১৩ পুত্রকে যে পাইয়াছে সে সেই জীবন পাইয়াছে; ঈশ্বরের পুত্রকে যে পায় নাই, সে সেই জীবন পায় নাই। তোমরা যাহারা ঈশ্বরের পুত্রের নামে বিশ্বাস করিতেছ, আমি তোমাদিগকে এই সকল কথা লিখিলাম, যেন তোমরা জানিতে পার যে, তোমরা অনন্ত জীবন পাইয়াছ। পৃষ্ঠা ১৫ ও ১৬

১ যোহন ৫:১৮-১৯ আমরা জানি, যে কেহ ঈশ্বর হইতে জাত, সে পাপ করে না, কিন্তু যে ঈশ্বর হইতে জাত, সে আপনাকে রক্ষা করে, এবং সেই পাপাত্মা তাহাকে স্পর্শ করে না। আমরা জানি যে, আমরা ঈশ্বর হইতে; আর সমস্ত জগৎ সেই পাপাত্মার মধ্যে শুইয়া রহিয়াছে। পৃষ্ঠা ১৭

২ করিন্থীয় ৫:১৬-২১ অতএব এখন অবধি আমরা আর কাহাকেও মাংস অনুসারে জানি না; যদিও খ্রীষ্টকে মাংস অনুসারে জানিয়া থাকি, তথাপি এখন আর জানি না। ফলতঃ কেহ যদি খ্রীষ্টে থাকে, তবে নূতন সৃষ্টি হইল; পুরাতন বিষয়গুলি অতীত হইয়াছে, দেখ, সেগুলি নূতন হইয়া উঠিয়াছে। আর, সকলই ঈশ্বর হইতে হইয়াছে; তিনি খ্রীষ্ট দ্বারা আপনার সহিত আমাদের সম্মিলন করিয়াছেন, এবং সম্মিলনের পরিচর্য্যা-পদ আমাদিগকে দিয়াছেন; বস্তুতঃ ঈশ্বর খ্রীষ্টে আপনার সহিত জগতের সম্মিলন করাইয়া দিতে ছিলেন, তাহাদের অপরাধ সকল তাহাদের বলিয়া গণনা করিলেন না; এবং সেই সম্মিলনের বার্ত্তা আমাদিগকে সমর্পণ করিয়াছেন।

২ করিন্থীয় ৫:১৭ ফলতঃ কেহ যদি খ্রীষ্টে থাকে, তবে নূতন সৃষ্টি হইল; পুরাতন বিষয়গুলি অতীত হইয়াছে, দেখ, সেগুলি নূতন হইয়া উঠিয়াছে। পৃষ্ঠা ২০

২ করিন্থীয় ৫:১৮ আর, সকলই ঈশ্বর হইতে হইয়াছে; তিনি খ্রীষ্ট দ্বারা আপনার সহিত আমাদের সম্মিলন করিয়াছেন। পৃষ্ঠা ৮

অতএব খ্রীষ্টের পক্ষেই আমরা রাজদূতের কর্ম্ম করিতেছি; ঈশ্বর যেন আমাদের দ্বারা নিবেদন করিতেছেন, আমরা খ্রীষ্টের পক্ষে এই বিনতি করিতেছি, তোমরা ঈশ্বরের সহিত সম্মিলিত হও। যিনি পাপ জানেন নাই, তাঁহাকে তিনি আমাদের পক্ষে পাপস্বরূপ করিলেন, যেন আমরা তাঁহাতে ঈশ্বরের ধার্ম্মিকতা-স্বরূপ হই। পৃষ্ঠা ২৫

আদিপুস্তক ২:১৬-১৭ আর সদাপ্রভু ঈশ্বর আদমকে এই আজ্ঞা দিলেন, আপনি এই উদ্যানের সমস্ত বৃক্ষের ফল স্বচ্ছন্দে ভোজন করিও; কিন্তু সদসদ্-জ্ঞানদায়ক যে বৃক্ষ, তাহার ফল ভোজন করিও না, কেননা যে দিন তাহার ফল খাইবে, সেই দিন মরিবেই মরিবে। পৃষ্ঠা ৬

আদিপুস্তক ২:৭ আর সদাপ্রভু ঈশ্বর মৃত্তিকার ধূলিতে আদমকে [অর্থাৎ মনুষ্যকে] নির্ম্মাণ করিলেন, এবং তাহার নাসিকায় ফুঁ দিয়া প্রাণবায়ু প্রবেশ করাইলেন; তাহাতে মনুষ্য সজীব প্রাণী হইল। পৃষ্ঠা ২৪

আদিপুস্তক ২:৮-৯ আর সদাপ্রভু ঈশ্বর পূর্ব্বদিকে, এদনে, এক উদ্যান প্রস্তুত করিলেন, এবং সেই স্থানে আপনার নির্ম্মিত ঐ মনুষ্যকে রাখিলেন। আর সদাপ্রভু ঈশ্বর ভূমি হইতে সর্ব্বজাতীয় সুদৃশ্য ও সুখাদ্য-দায়ক বৃক্ষ, এবং সেই উদ্যানের মধ্যস্থানে জীবনবৃক্ষ ও সদসদ্-জ্ঞানদায়ক বৃক্ষ, উৎপন্ন করিলেন। পৃষ্ঠা ৬

আদিপুস্তক ৩:২৩ এই নিমিত্ত সদাপ্রভু ঈশ্বর তাঁহাকে এদনের উদ্যান হইতে বাহির করিয়া দিলেন, যেন, তিনি যাহা হইতে গৃহীত, সেই মৃত্তিকাতে কৃষিকর্ম্ম করেন। পৃষ্ঠা ৬

আদিপুস্তক ৩:২-৬ নারী সর্পকে কহিলেন, আমরা এই উদ্যানস্থ বৃক্ষ সকলের ফল খাইতে পারি; কেবল উদ্যানের মধ্যস্থানে যে বৃক্ষ আছে, তাহার ফলের বিষয় ঈশ্বর বলিয়াছেন, তোমরা তাহা ভোজন করিও না, স্পর্শও করিও না, করিলে মরিবে। তখন সর্প নরীকে কহিল, কোন ক্রমে মরিবে না; কেননা ঈশ্বর জানেন, যে দিন তোমরা তাহা খাইবে, সেই দিন তোমাদের চক্ষু খুলিয়া যাইবে, তাহাতে তোমরা ঈশ্বরের সদৃশ হইয়া সদসদ্-জ্ঞান প্রাপ্ত হইবে। নারী যখন দেখিলেন, ঐ বৃক্ষ সুখাদ্যদায়ক ও চক্ষুর লোভজনক, আর ঐ বৃক্ষ জ্ঞানদায়ক বলিয়া বাঞ্ছনীয়, তখন তিনি তাহার ফল পাড়িয়া ভোজন করিলেন; পরে আপনার মত নিজ স্বামীকে দিলেন, আর তিনিও ভোজন করিলেন। পৃষ্ঠা ৬

আমাদের চরণ শান্তি পথে চালাইবার জন্য। পৃষ্ঠা ১০

ইফিষীয় ১:১১ তাঁহাতেই করা যাইবে, যাঁহাতে আমরা ঈশ্বরের অধিকারস্বরূপও হইয়াছি। বাস্তবিক যিনি সকলই আপন ইচ্ছার মন্ত্রণানুসারে সাধন করেন, তাঁহার সঙ্কল্প অনুসারে আমরা পূর্ব্বে নিরূপিত। পৃষ্ঠা ১৮

ইফিষীয় ১:১৩-১৪ খ্রীষ্টে থাকিয়া তোমরাও সত্যের বাক্য, তোমাদের পরিত্রাণের সুসমাচার, শুনিয়া এবং তাঁহাতে বিশ্বাসও করিয়া সেই অঙ্গীকৃত পবিত্র আত্মা দ্বারা মুদ্রাঙ্কিত হইয়াছ; সেই আত্মা ঈশ্বরের নিজস্বের মুক্তির নিমিত্ত, তাঁহার প্রতাপের প্রশংসার নিমিত্ত আমাদের দায়াধিকারের বায়না। পৃষ্ঠা ১৭ ও ১৯

ইফিষীয় ১:৫-৮ তিনি আমাদিগকে প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা আপনার জন্য দত্তকপুত্রতার নিমিত্ত পূর্ব্ব হইতে

নিরূপণও করিয়াছিলেন; ইহা তিনি নিজ ইচ্ছার হিতসঙ্কল্প অনুসারে, নিজ অনুগ্রহের প্রতাপের প্রশংসার্থে করিয়াছিলেন। সেই অনুগ্রহে তিনি আমাদিগকে সেই প্রিয়তমে অনুগৃহীত করিয়াছেন, যাঁহাতে আমরা তাঁহার রক্ত দ্বারা মুক্তি, অর্থাৎ অপরাধ সকলের মোচন পাইয়াছি; ইহা তাঁহার সেই অনুগ্রহ-ধন অনুসারে হইয়াছে, ৪যাহা তিনি সমস্ত জ্ঞানে ও বুদ্ধিতে আমাদের প্রতি উপচিয়া পড়িতে দিয়াছেন। পৃষ্ঠা ১৫ ও ১৬

ইফিষীয় ১:৭ যাঁহাতে আমরা তাঁহার রক্ত দ্বারা মুক্তি, অর্থাৎ অপরাধ সকলের মোচন পাইয়াছি; ইহা তাঁহার সেই অনুগ্রহ-ধন অনুসারে হইয়াছে। পৃষ্ঠা ৪

ইফিষীয় ২:১৩ কিন্তু এখন খ্রীষ্ট প্রভু যীশুতে, পূর্ব্বে দূরবর্ত্তী ছিলে যে তোমরা, তোমরা খ্রীষ্টের রক্ত দ্বারা নিকটবর্ত্তীহ ইয়াছ। পৃষ্ঠা ১৩

ইফিষীয় ২:১৪ কেননা তিনিই আমাদের সন্ধি; তিনি উভয়কে এক করিয়াছেন, এবং মধ্যবর্ত্তী বিচ্ছেদের ভিত্তি ভাঙ্গিয়া ফেলিয়াছেন। পৃষ্ঠা ৯

ইফিষীয় ২:৬ এবং তিনি খ্রীষ্ট প্রভু যীশুতে আমাদিগকে তাঁহার সহিত উঠাইলেন ও তাঁহার সহিত স্বর্গীয় স্থানে বসাইলেন; পৃষ্ঠা ১৯

ইফিষীয় ২:৮-১০ কেননা অনুগ্রহেই, বিশ্বাস দ্বারা তোমরা পরিত্রাণ পাইয়াছ; এবং ইহা তোমাদের হইতে হয় নাই, ঈশ্বরেরই দান; তাহা কর্ম্মের ফল নয়, যেন কেহ শ্লাঘা না করে। কারণ আমরা তাঁহারই রচনা, খ্রীষ্ট প্রভু যীশুতে বিবিধ সৎক্রিয়ার নিমিত্ত সৃষ্ট; সেগুলি ঈশ্বর পূর্ব্বে প্রস্তুত করিয়াছিলেন, যেন আমরা সেই পথে চলি। পৃষ্ঠা ৮ ও ১৫ ও ১৬

ইফিষীয় ৩:১৪-১৫ এই জন্য, স্বর্গস্থ ও পৃথিবীস্থ সমস্ত পিতৃকুল যাঁহা হইতে নাম পাইয়াছে, সেই পিতার কাছে আমি জানু পাতিতেছি। পৃষ্ঠা ১৭

ইফিষীয় ৪:২১-২২ তাঁহারই বাক্য ত শুনিয়াছ, এবং প্রভু যীশুতে যে সত্য আছে, তদনুসারে তাঁহাতেই শিক্ষিত হইয়াছ; যেন তোমরা পূর্ব্বকালীন আচরণ সম্বন্ধে সেই পুরাতন মনুষ্যকে ত্যাগ কর, যাহা প্রতারণার বিবিধ অভিলাষ মতে ভ্রষ্ট হইয়া পড়িতেছে। পৃষ্ঠা ২৫

ইব্রীয় ১:৩ ইনি তাঁহার প্রতাপের প্রভা ও তত্ত্বের মুদ্রাঙ্ক, এবং আপন পরাক্রমের বাক্যে সমুদয়ের ধারণকর্ত্তা হইয়া পাপ ধৌত করিয়া ঊর্দ্ধলোকে মহিমার দক্ষিণে উপবিষ্ট হইলেন। পৃষ্ঠা ১ ও ২ ও ৫

ইব্রীয় ২:১১-১৭ কারণ যিনি পবিত্র করেন ও যাহারা পবিত্রীকৃত হয়, সকলে এক হইতে উৎপন্ন; এই হেতু তিনি তাহাদিগকে ভ্রাতা বলিতে লজ্জিত নহেন। তিনি বলেন,“আমি আমার ভ্রাতৃগণের কাছে তোমার নাম প্রচার করিব,মণ্ডলীর মধ্যে তোমার প্রশংসা গান করিব।”আবার “আমি তাঁহারই শরণাপন্ন থাকিব।” আবার, “দেখ, আমি ও সেই সন্তানগণ, যাহাদিগকে ঈশ্বর আমায় দিয়াছেন।” ভাল, সেই সন্তানগণ যখন রক্তমাংসের ভাগী, তখন তিনি আপনিও তদ্রূপ তাহার ভাগী হইলেন, যেন মৃত্যু দ্বারা মৃত্যুর কর্ত্তৃত্ববিশিষ্ট ব্যক্তিকে অর্থাৎ দিয়াবলকে শক্তিহীন করেন, এবং যাহারা মৃত্যুর ভয়ে যাবজ্জীবন দাসত্বের অধীন ছিল, তাহাদিগকে উদ্ধার করেন। কারণ তিনি ত দূতগণের সাহায্য করেন না, কিন্তু অব্রাহামের বংশের সাহায্য করিতেছেন। অতএব সর্ব্ববিষয়ে আপন ভ্রাতৃগণের তুল্য হওয়া তাঁহার উচিত ছিল, যেন তিনি প্রজাদের পাপের প্রায়শ্চিত্ত করিবার নিমিত্ত ঈশ্বরের উদ্দেশ্য কার্য্যে দয়ালু ও বিশ্বস্ত মহাযাজক হন। পৃষ্ঠা ১ ও ২ ও ২০

ইব্রীয় ২:১৪-১৫ ভাল, সেই সন্তানগণ যখন রক্তমাংসের ভাগী, তখন তিনি আপনিও তদ্রূপ তাহার ভাগী হইলেন, যেন মৃত্যু দ্বারা মৃত্যুর কর্ত্তৃত্ববিশিষ্ট ব্যক্তিকে অর্থাৎ দিয়াবলকে শক্তিহীন করেন, এবং যাহারা মৃত্যুর ভয়ে যাবজ্জীবন দাসত্বের অধীন ছিল, তাহাদিগকে উদ্ধার করেন। পৃষ্ঠা ৪

ইব্রীয় ৪:৩ বাস্তবিক বিশ্বাস করিয়াছি যে আমরা, আমরা সেই বিশ্রামে প্রবেশ করিতে পাইতেছি; যেমন তিনি বলিয়াছেন, “তখন আমি আপন ক্রোধে এই শপথ করিলাম, ইহারা আমার বিশ্রামে প্রবেশ করিবে না,” যদিও তাঁহার কর্ম্ম জগতের পত্তনাবধি সমাপ্ত ছিল। পৃষ্ঠা ১৩

ইব্রীয় ৪:৭ আবার তিনি পুনরায় এক দিন নিরূপণ করিয়া দায়ূদ-গ্রন্থে এত কালের পর বলেন, “অদ্য,” যেমন পূর্ব্বে বলা হইয়াছে, “অদ্য যদি তোমরা তাঁহার রব শ্রবণ কর, তবে আপন আপন হৃদয় কঠিন করিও না।” পৃষ্ঠা ১৩ ইব্রীয় ৪:১২ কেননা ঈশ্বরের বাক্য জীবন্ত ও কার্য্যসাধক, এবং সমস্ত দ্বিধার খড়্গ অপেক্ষা তীক্ষ্ণ, এবং প্রাণ ও আত্মা, গ্রন্থি ও মজ্জা, এই সকলের বিভেদ পর্য্যন্ত মর্ম্মবেধী, এবং হৃদয়ের চিন্তা ও বিবেচনার সূক্ষ্ম বিচারক। পৃষ্ঠা ২৪ ও ২৬

ইব্রীয় ৯:২২ আর ব্যবস্থানুসারে প্রায় সকলই রক্তে শুচিকৃত হয়, এবং রক্তসেচন ব্যতিরেকে পাপমোচন হয় না। পৃষ্ঠা ৪

উপদেশক ৩:১১ তিনি সকলই যথা কালে মনোহর করিয়াছেন, আবার তাহাদের হৃদয় মধ্যে চিরকাল রাখিয়াছেন; তথাপি ঈশ্বর আদি অবধি শেষ পর্য্যন্ত যে সকল কার্য্য করেন, মনুষ্য তাহার তত্ত্ব বাহির করিতে পারে না। পৃষ্ঠা ১০

এই সকল ঘটিল, যেন ভাববাদী দ্বারা কথিত প্রভুর এই বাক্য পূর্ণ হয়, “দেখ, সেই কন্যা গর্ভবতী হইবে, এবং পুত্র প্রসব করিবে, আর তাঁহার নাম রাখা যাইবে ইম্মানূয়েল” অনুবাদ করিলে ইহার অর্থ, ‘আমাদের সহিত ঈশ্বর।’ পৃষ্ঠা ১

এবং আকার প্রকারে মনুষ্যবৎ প্রত্যক্ষ হইয়া আপনাকে অবনত করিলেন;

কলসীয় ১:১৫ ইনিই অদৃশ্য ঈশ্বরের প্রতিমূর্ত্তি, সমুদয় সৃষ্টির প্রথমজাত, পৃষ্ঠা ১ ও ২

কলসীয় ১:২৭খ কারণ পরজাতিগণের মধ্যে সেই নিগূঢ়তত্ত্বের গৌরব-ধন কি, তাহা পবিত্রগণকে জ্ঞাত করিতে ঈশ্বরের বাসনা হইল; তাহা তোমাদের মধ্যবর্ত্তী খ্রীষ্ট, গৌরবের আশা। পৃষ্ঠা ২৫

কলসীয় ২:১০ এবং তোমরা তাঁহাতে পূর্ণীকৃত হইয়াছ, যিনি সমস্ত আধিপত্যেরও কর্ত্তৃত্বের মস্তক। পৃষ্ঠা ১৮

কলসীয় ২:১২-১৪ ফলতঃ বাপ্তিস্মে তাঁহার সহিত সমাধিপ্রাপ্ত হইয়াছ, এবং তাহাতে তাঁহার সহিত উত্থাপিতও হইয়াছ, ঈশ্বরের কার্য্যসাধনে বিশ্বাস দ্বারা হইয়াছ, যিনি তাঁহাকে মৃতগণের মধ্য হইতে উঠাইয়াছেন। আর ঈশ্বর তোমাদিগকে, অপরাধেও তোমাদের মাংসের অত্বক্‌ছেদে মৃত তোমাদিগকে, তাঁহার সহিত জীবিত করিয়াছেন, আমাদের সমস্ত অপরাধ ক্ষমা করিয়াছেন; আমাদের প্রতিকূলে যে বিধিবদ্ধ হস্তলেখ্য আমাদের বিরুদ্ধ ছিল, তাহা মুছিয়া ফেলিয়াছেন, এবং প্রেক দিয়া ক্রুশে লটকাইয়া দূর করিয়াছেন। পৃষ্ঠা ১৯

কলসীয় ২:৬-৭ অতএব খ্রীষ্ট প্রভু যীশুকে, প্রভুকে, যেমন গ্রহণ করিয়াছ, তেমনি তাঁহাতেই চল; তাঁহাতেই বদ্ধমূল ও সংগ্রথিত হইয়া প্রাপ্ত শিক্ষানুসারে বিশ্বাসেদৃঢ়ীভূত হও, এবং ধন্যবাদসহকারে উপচিয়া পড়। পৃষ্ঠা ১৫ ও ১৬

কলসীয় ২:৯ কেননা তাঁহাতেই ঈশ্বরত্বের সমস্ত পূর্ণতা দৈহিকরূপে বাস করে। পৃষ্ঠা ১ ও ২

কলসীয় ৩:১-৩ অতএব তোমরা যখন খ্রীষ্টের সহিত উত্থাপিত হইয়াছ, তখন সেই ঊর্দ্ধ স্থানের বিষয় চেষ্টা কর, যেখানে খ্রীষ্ট আছেন, ঈশ্বরের দক্ষিণে বসিয়া আছেন। ঊর্দ্ধস্থ বিষয় ভাব, পৃথিবীস্থ বিষয় ভাবিও না। কেননা তোমরা মরিয়াছ, এবং তোমাদের জীবন খ্রীষ্টের সহিত ঈশ্বরে গুপ্ত রহিয়াছে। পৃষ্ঠা ১৯

কলসীয় ৪:৫-৬ তোমরা বাহিরের লোকদের প্রতি বুদ্ধিপূর্ব্বক আচরণ কর, সুযোগ কিনিয়া লও। তোমাদের বাক্য সর্ব্বদা অনুগ্রহ সহযুক্ত হউক, লবণে আস্বাদযুক্ত হউক, কাহাকে কেমন উত্তর দিতে হয়, তাহা যেন তোমরা জানিতে পার। পৃষ্ঠা ৩৬

কিন্তু প্রভু যীশু উত্তর করিয়া তাঁহাকে কহিলেন, এখন সম্মত হও, কেননা এইরূপে সমস্ত ধার্ম্মিকতা সাধন করা আমাদের পক্ষে উপযুক্ত। তখন তিনি তাঁহার কথায় সম্মত হইলেন।

কেহ আপনাকে বঞ্চনা না করুক। তোমাদের মধ্যে কোন ব্যক্তি যদি আপনাকে এই যুগে জ্ঞানবান্ বলিয়া মনে করে, তবে সে জ্ঞানবান্ হইবার জন্য মূর্খ হউক। পৃষ্ঠা ২৪ ও ২৫

গালাতীয় ১:১৫-১৬ কিন্তু যিনি আমাকে আমার মাতার গর্ভ হইতে পৃথক্ করিয়াছেন, এবং আপন অনুগ্রহ দ্বারা আহ্বান করিয়াছেন, 16তিনি যখন আপন পুত্রকে আমাতে প্রকাশ করিবার সুবাসনা করিলেন, যেন আমি পরজাতিগণের মধ্যে তাঁহার বিষয়ে সুসমাচার প্রচার করি, তখন আমি ক্ষণমাত্রও রক্তমাংসের সহিত পরামর্শ করিলাম না। পৃষ্ঠা ৮

গালাতীয় ২:২০ খ্রীষ্টের সহিত আমি ক্রুশারোপিত হইয়াছি, আমি আর জীবিত নই, কিন্তু খ্রীষ্টই আমাতে জীবিত আছেন; আর এখন মাংসে থাকিতে আমার যে জীবন আছে, তাহা আমি বিশ্বাসে, ঈশ্বরের পুত্রে বিশ্বাসেই, যাপন করিতেছি; তিনিই আমাকে প্রেম করিলেন, এবং আমার নিমিত্তে আপনাকে প্রদান করিলেন। পৃষ্ঠা ১৮ পৃষ্ঠা ৪৩

গালাতীয় ৪:৪-৭ কিন্তু কাল সম্পূর্ণ হইলে ঈশ্বর আপনার নিকট হইতে আপন পুত্রকে প্রেরণ করিলেন; তিনি স্ত্রীজাত, ব্যবস্থার অধীনে জাত হইলেন, যেন তিনি মূল্য দিয়া ব্যবস্থার অধীন লোকদিগকে মুক্ত করেন, যেন আমরা দত্তকপুত্রত্ব প্রাপ্ত হই। আর তোমরা পুত্র, এই কারণ ঈশ্বর আপন পুত্রের আত্মাকে আপনার নিকট হইতে আমাদের হৃদয়ে প্রেরণ করিলেন; ইনি “আব্বা, পিতা” বলিয়া ডাকেন। অতএব আপনি আর দাস নও, বরং পুত্র; আর যখন পুত্র, তখন ঈশ্বরকর্ত্তৃক দায়াধিকারীও হইয়াছ। পৃষ্ঠা ১৮

গালাতীয় ৫:১৬ কিন্তু আমি বলি, তোমরা আত্মার বশে চল, তাহা হইলে মাংসের অভিলাষ পূর্ণ করিবে না। পৃষ্ঠা ২৩

গালাতীয় ৫:২৪ আর যাহারা খ্রীষ্ট প্রভু যীশুর, তাহারা মাংসকে তাহার মতিও অভিলাষ শুদ্ধ ক্রুশে দিয়াছে। পৃষ্ঠা ১৭ ও ১৮

গীতসংহিতা ১৬:১১ আপনি আমাকে জীবনের পথ জ্ঞাত করিবে, তোমার সম্মুখে তৃপ্তিকর আনন্দ, তোমার দক্ষিণ হস্তে নিত্য সুখভোগ। পৃষ্ঠা ২০

গীতসংহিতা ৪০:৩ তিনি আমার মুখে নূতন গীত, আমাদের ঈশ্বরের স্তব দিলেন; অনেকে ইহা দেখিবে, ভীত হইবে, ও সদাপ্রভুতে বিশ্বাস করিবে। পৃষ্ঠা ৩৬

পরে প্রভু যীশু বাপ্তাইজিত হইয়া অমনি জল হইতে উঠিলেন; আর দেখ, তাঁহার নিমিত্ত স্বর্গ খুলিয়া গেল, এবং তিনি ঈশ্বরের আত্মাকে কপোতের ন্যায় নামিয়া আপনার উপরে আসিতে দেখিলেন। আর দেখ, স্বর্গ হইতে এই বাণী হইল, ‘ইনিই আমার প্রিয় পুত্র, ইহাঁতেই আমি প্রীত।’ পৃষ্ঠা ৩ ও ২৬

প্রকাশিত বাক্য ১২:১১ আর মেষশাবকের রক্ত প্রযুক্ত, এবং আপন আপন সাক্ষ্যের বাক্য প্রযুক্ত, তাহারা তাহাকে জয় করিয়াছে। পৃষ্ঠা ৩৬

প্রকাশিত বাক্য ১৯:১০ তখন আমি তাঁহাকে ভজনা করিবার জন্য তাঁহার চরণে পড়িলাম। তাহাতে তিনি আমাকে কহিলেন, দেখিও, এমন কর্ম্ম করিও না; আমি তোমার সহদাস, এবং তোমার যে ভ্রাতৃগণ

প্রভু যীশুর সাক্ষ্য ধারণ করে, তাহাদেরও সহদাস; ঈশ্বরেরই ভজনা কর; কেননা প্রভু যীশুর যে সাক্ষ্য, তাহাই ভাববাণীর আত্মা। পৃষ্ঠা ৩৬

প্রকাশিত বাক্য ২১:২ আর আমি দেখিলাম, "পবিত্র নগরী, নূতন যিরূশালেম," স্বর্গ হইতে, ঈশ্বরের নিকট হইতে, নামিয়া আসিতেছে; সে আপন বরের নিমিত্ত বিভূষিতা কন্যার ন্যায় প্রস্তুত হইয়াছিল। পৃষ্ঠা ২০

প্রকাশিত বাক্য ৩:২০ দেখ, আমি দ্বারে দাঁড়াইয়া আছি, ও আঘাত করিতেছি; কেহ যদি আমার রব শুনে ও দ্বার খুলিয়া দেয়, তবে আমি তাহার কাছে প্রবেশ করিব, ও তাহার সহিত ভোজন করিব, এবং সেও আমার সহিত ভোজন করিবে। পৃষ্ঠা ৯

প্রেরিত ১:৮ কিন্তু পবিত্র আত্মা তোমাদের উপরে আসিলে তোমরা শক্তি প্রাপ্ত হইবে; আর তোমরা যিরূশালেমে, সমুদয় যিহূদীয়া ও শমরিয়া দেশে, এবং পৃথিবীর প্রান্ত পর্য্যন্ত আমার সাক্ষী হইবে। পৃষ্ঠা ৪০

প্রেরিত ৪:১২ আর অন্য কাহারও কাছে পরিত্রাণ নাই; কেননা আকাশের নীচে মনুষ্যদের মধ্যে দত্ত এমন আর কোন নাম নাই, যে নামে আমাদিগকে পরিত্রাণ পাইতে হইবে। পৃষ্ঠা ৮

প্রেরিত ৯:২৮ আর শৌল যিরূশালেমে তাঁহাদের সঙ্গে সঙ্গে থাকিতেন, ভিতরে আসিতেন ও বাহিরে যাইতেন, প্রভুর নামে সাহসপূর্ব্বক প্রচার করিতেন। পৃষ্ঠা ৪০

ফিলিপীয় ২:৫-৮ খ্রীষ্ট প্রভু যীশু তে যে ভাবছিল, তাহা তোমাদিগেতেও হউক। ঈশ্বরের স্বরূপ বিশিষ্ট থাকিতে তিনি ঈশ্বরের সহিত সমান থাকা ধরিয়া লইবার বিষয় জ্ঞান করিলেন না, কিন্তু আপনাকে শূন্য করিলেন, দাসেররূপ ধারণ করিলেন, মনুষ্যদের সাদৃশ্যে জন্মিলেন;

ফিলিপীয় ৩:২০ কারণ আমরা স্বর্গপুরীর প্রজা; আর তথা হইতে আমরা ত্রাণকর্ত্তার, প্রভু যীশু খ্রীষ্টের, আগমন প্রতীক্ষা করিতেছি; পৃষ্ঠা ২০ ও ২২ ও ২৩

ফিলিপীয় ৪:৬-৭ কোন বিষয়ে ভাবিত হইও না, কিন্তু সর্ব্ববিষয়ে প্রার্থনা ও বিনতি দ্বারা ধন্যবাদ সহকারে তোমাদের যাচ্ঞা সকল ঈশ্বরকে জ্ঞাতকর। তাহাতে সমস্ত চিন্তার অতীত যে ঈশ্বরের শান্তি, তাহা তোমাদের হৃদয় ও মন খ্রীষ্ট প্রভু যীশুতে রক্ষা করিবে। পৃষ্ঠা ২৬

মথি ১:২০খ-২৩ কেননা তাঁহার গর্ভে যাহা জন্মিয়াছে, তাহা পবিত্র আত্মা হইতে হইয়াছে; আর তিনি পুত্র প্রসব করিবেন, এবং আপনি তাঁহার নাম প্রভু যীশু [ত্রাণকর্ত্তা] রাখিবে; কারণ তিনিই আপন প্রজাদিগকে তাহাদের পাপ হইতে ত্রাণ করিবেন।

মথি ১০:৩২ অতএব যে কেহ মনুষ্যদের সাক্ষাতে আমাকে স্বীকার করে, আমিও আপন স্বর্গস্থ পিতার সাক্ষাতে তাহাকে স্বীকার করিব। পৃষ্ঠা ৪০

মথি ২৬:২৮-২৯ কারণ ইহা আমার রক্ত, নূতন নিয়মের রক্ত, যাহা অনেকের জন্য, পাপ মোচনের নিমিত্ত, পাতিত হয়। আর আমি তোমাদিগকে কহিতেছি, এখন অবধি আমি এই দ্রাক্ষা ফলের রস আর কখনও পান করিবনা, সেইদিন পর্য্যন্ত, যখন আমি আপন পিতার রাজ্যে তোমাদের সঙ্গে ইহা নূতন পান করিব। পৃষ্ঠা ৪

মথি ২৭:৫৭-৬১ পরে সন্ধ্যা হইলে অরিমাথিয়ার একজন ধনবান্ লোক আসিলেন, তাঁহার নাম যোষেফ, তিনি নিজেও প্রভু যীশুর শিষ্য হইয়াছিলেন। তিনি পীলাতের নিকটে গিয়া প্রভু যীশুর দেহ যাচ্ঞা করিলেন। তখন পীলাত তাহা দিতে আজ্ঞা করিলেন। তাহাতে যোষেফ দেহটী লইয়া পরিষ্কার চাদরে জড়াইলেন,এবং আপনার নূতন কবরে রাখিলেন—যাহা তিনি শৈলে খুদিয়াছিলেন—আর কবরের দ্বারে একখান বড়পাথর গড়াইয়া দিয়া চলিয়া গেলেন। মগ্দলীনী মরিয়মও অন্য মরিয়ম সেখানেছিলেন, তাঁহারা কবরের সম্মুখে বসিয়া রহিলেন। পৃষ্ঠা ৪

মথি ৩:১৩-১৭ তৎকালে প্রভু যীশু যোহন দ্বারা বাপ্তাইজিত হইবার জন্য গালীল হইতে যর্দ্দনে তাঁহার কাছে আসিলেন। কিন্তু যোহন তাঁহাকে বারণ করিতে লাগিলেন, বলিলেন, আপনার দ্বারা আমারই বাপ্তাইজিত হওয়া আবশ্যক, আর আপনি আমার কাছে আসিতেছেন?

মথি ৪:১৯-২০ তিনি তাঁহাদিগকে কহিলেন, আমার পশ্চাৎ আইস। আমি তোমাদিগকে মনুষ্যধারী করিব। আর তখনই তাঁহারা জাল পরিত্যাগ করিয়া তাঁহার পশ্চাদগামী হইলেন। পৃষ্ঠা ৪০

মথি ৭:১৩-১৪ সঙ্কীর্ণ দ্বার দিয়া প্রবেশ কর; কেননা সর্ব্বনাশে যাইবার দ্বার প্রশস্ত ও পথ পরিসর, এবংঅনেকে ইহা দিয়া প্রবেশ করে; কেননা জীবনে যাইবার দ্বার সঙ্কীর্ণ ও পথ দুর্গম, এবং অল্পলোকে ইহা পায়। পৃষ্ঠা ২৩

মথি ৭:২৮-২৯ প্রভু যীশু যখন এই সকল বাক্য শেষ করিলেন, লোকসমূহ তাঁহার উপদেশে চমৎকার জ্ঞান করিল ; কারণ তিনি ক্ষমতাপন্ন ব্যক্তির ন্যায় তাহাদিগকে উপদেশ দিতেন, তাহাদের অধ্যাপকদের ন্যায় নয়। পৃষ্ঠা ৩

মথি ৭:৭-৮ যাচ্ঞা কর, তোমাদিগকে দেওয়া যাইবে; অন্বেষণ কর, পাইবে; দ্বারে আঘাত কর, তোমাদের জন্য খুলিয়া দেওয়া যাইবে। কেননা যে কেহ যাচ্ঞা করে, সে গ্রহণ করে; এবং যে অন্বেষণ করে, সে পায়; আর যে আঘাত করে, তাহার জন্য খুলিয়া দেওয়া যাইবে। পৃষ্ঠা ২৬

মার্ক ৬:২-৩ বিশ্রামবার উপস্থিত হইলে তিনি সমাজ-গৃহে উপদেশ দিতে লাগিলেন; তাহাতে অনেক লোক তাঁহার কথা শুনিয়া চমৎকৃত হইয়া কহিল, ইহার এ সকল কোথা হইতে হইয়াছে? ইহাকে যে জ্ঞান দত্ত হইয়াছে, এবং ইহার হস্ত দ্বারা যে এরূপ পরাক্রম-কার্য্য সকল সম্পন্ন হয়, এই বা কি? এ কি

সেই সূত্রধর, মরিয়মের সেই পুত্র এবং যাকোব, যোষি, যিহূদা ও শিমোনের ভাই নয়? এবং ইহার ভগিনীরা কি এখানে আমাদের মধ্যে নাই? এইরূপে তাহারা তাঁহাতে বিঘ্ন পাইতে লাগিল। পৃষ্ঠা ৫
মৃত্যু পর্য্যন্ত, এমনকি, ক্রুশীয় মৃত্যু পর্য্যন্ত আজ্ঞাবহ হইলেন। পৃষ্ঠা ১ ও ২ ও ২২ ও ২৫
যাকোব ৫:১৬ অতএব তোমরা এক জন অন্য জনের কাছে আপন আপন পাপ স্বীকার কর, ও এক জন অন্য জনের নিমিত্ত প্রার্থনা কর, যেন সুস্থ হইতে পার। ধার্ম্মিকের বিনতি কার্য্যসাধনে মহাশক্তিযুক্ত। পৃষ্ঠা ২৬
যিহিষ্কেল ৩৬:২৬-২৭ আর আমি তোমাদিগকে নূতন হৃদয় দিব, ও তোমাদের অন্তরে নূতন আত্মা স্থাপন করিব; আমি তোমাদের মাংস হইতে প্রস্তরময় হৃদয় দূর করিব, ও তোমাদিগকে মাংসময় হৃদয় দিব। আর আমার আত্মাকে তোমাদের অন্তরে স্থাপন করিব, এবং তোমাদিগকে আমার বিধিপথে চালাইব, তোমরা আমার শাসন সকল রক্ষা করিবে ও পালন করিবে। পৃষ্ঠা ৮
যিহোশূয় ১:৮ তোমার মুখ হইতে এই ব্যবস্থাপুস্তক বিচলিত না হউক; তন্মধ্যে যাহা যাহা লিখিত আছে, যত্নপূর্ব্বক সেই সকলের অনুযায়ী কর্ম্ম করণার্থে আপনি দিবারাত্র তাহা ধ্যান কর; কেননা তাহা করিলে তোমার শুভগতি হইবে ও আপনি বুদ্ধিপূর্ব্বক চলিবে। পৃষ্ঠা ২৬
যোহন ১:১৪ আর সেই বাক্য মাংসে মূর্ত্তিমান হইলেন, এবং আমাদের মধ্যে প্রবাস করিলেন, আর আমরা তাঁহার মহিমা দেখিলাম, যেমন পিতা হইতে আগত একজাতের মহিমা; তিনি অনুগ্রহে ও সত্যে পূর্ণ। পৃষ্ঠা ১ ও ২
যোহন ১০:১০ চোর আইসে, কেবল যেন চুরি, বধ ও বিনাশ করিতে পারে; আমি আসিয়াছি, যেন তাহারা জীবন পায় ও উপচয় পায়। পৃষ্ঠা ৯
যোহন ১০:৩০ আমি ও পিতা, আমরা এক। পৃষ্ঠা ১ ও ২
যোহন ১১:২৫-২৬ প্রভু যীশু তাঁহাকে কহিলেন, আমিই পুনরুত্থান ও জীবন; যে আমাতে বিশ্বাস করে, সে মরিলেও জীবিত থাকিবে; আর যে কেহ জীবিত আছে, এবং আমাতে বিশ্বাস করে, সে কখনও মরিবে না; ইহা কি বিশ্বাস কর? পৃষ্ঠা ১৫ ও ১৬ ও ১৯
যোহন ১২:১৭ তিনি যখন লাসারকে কবর হইতে আসিতে ডাকেন, এবং মৃতগণের মধ্য হইতে উঠান, তখন যে লোকসমূহ তাঁহার সঙ্গে ছিল, তাহারা সাক্ষ্য দিতে লাগিল। পৃষ্ঠা ৩৬
যোহন ১৪:১৩-১৪ আর তোমরা আমার নামে যাহা কিছু যাচ্ঞা করিবে, তাহা আমি সাধন করিব, যেন পিতা পুত্রে মহিমান্বিত হন। যদি আমার নামে আমার কাছে কিছু যাচ্ঞা কর, তবে আমি তাহা করিব। পৃষ্ঠা ২৬
যোহন ১৪:২০ সেই দিন তোমরা জানিবে যে, আমি আমার পিতাতে আছি, ও তোমরা আমাতে আছ, এবং আমি তোমাদিগেতে আছি। পৃষ্ঠা ১৮ ও ১৯
যোহন ১৪:৬-৭ প্রভু যীশু তাঁহাকে বলিলেন, আমিই পথ ও সত্য ও জীবন; আমা দিয়া না আসিলে কেহ পিতার নিকটে আইসে না। যদি তোমরা আমাকে জানিতে, তবে আমার পিতাকেও জানিতে; এখন অবধি তাঁহাকে জানিতেছ এবং দেখিয়াছ। পৃষ্ঠা ১৩ ও ১৫ ও ১৬
যোহন ১৫:১৬ তোমরা যে আমাকে মনোনীত করিয়াছ, এমন নয়, কিন্তু আমিই তোমাদিগকে মনোনীত করিয়াছি; আর আমি তোমাদিগকে নিযুক্ত করিয়াছি, যেন তোমরা গিয়া ফলবান্ হও, এবং তোমাদের ফল যেন থাকে; যেন তোমরা আমার নামে পিতার নিকটে যাহা কিছু যাচ্ঞা করিবে, তাহা তিনি তোমাদিগকে দেন। পৃষ্ঠা ৪০
যোহন ১৫:৭ তোমরা যদি আমাতে থাক, এবং আমার বাক্য যদি তোমাদিগেতে থাকে, তবে তোমাদের যাহা ইচ্ছা হয়, যাচ্ঞা করিও, তোমাদের জন্য তাহা করা যাইবে। পৃষ্ঠা ২৬
যোহন ১৬:২৮ আমি পিতা হইতে বাহির হইয়াছি, এবং জগতে আসিয়াছি; আবার জগৎ পরিত্যাগ করিতেছি, এবং পিতার নিকটে যাইতেছি। পৃষ্ঠা ৫
যোহন ১৬:৩৩ এই সমস্ত তোমাদিগকে বলিলাম, যেন তোমরা আমাতে শান্তি প্রাপ্ত হও। জগতে তোমরা ক্লেশ পাইতেছ; কিন্তু সাহস কর, আমিই জগৎকে জয় করিয়াছি। পৃষ্ঠা ১০
যোহন ৩:১৬ কারণ ঈশ্বর জগৎকে এমন প্রেম করিলেন যে, আপনার একজাত পুত্র কে দান করিলেন, যেন, যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে বিনষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়। পৃষ্ঠা ১২
যোহন ৩:৬ মাংস হইতে যাহা জাত, তাহা মাংসই; আর আত্মা হইতে যাহা জাত, তাহা আত্মাই। পৃষ্ঠা ১৯ ও ২৪
যোহন ৯:২৫ সে উত্তর করিল, তিনি পাপী কি না, তাহা জানি না, একটী বিষয় জানি, আমি অন্ধ ছিলাম, এখন দেখিতে পাইতেছি। পৃষ্ঠা ৩৬
রোমীয় ১০:১৩ কারণ, "যেকেহ প্রভুর নামে ডাকে, সে পরিত্রাণ পাইবে।" পৃষ্ঠা ১৫ ও ১৬
রোমীয় ১০:৯ কারণ আপনি যদি 'মুখে' প্রভু যীশুকে প্রভু বলিয়া স্বীকার কর, এবং 'হৃদয়ে' বিশ্বাস কর যে, ঈশ্বর তাঁহাকে মৃতগণের মধ্য হইতে উত্থাপন করিয়াছেন, তবে পরিত্রাণ পাইবে। পৃষ্ঠা ১৫ ও ১৬
রোমীয় ১২:১ অতএব, হে ভ্রাতৃগণ, ঈশ্বরের নানা করুণার অনুরোধে আমি তোমাদিগকে বিনতি করিতেছি, তোমরা আপন আপন দেহকে জীবিত, পবিত্র, ঈশ্বরের প্রীতিজনক বলিরূপে উৎসর্গ কর, ইহাই তোমাদের চিত্ত-সঙ্গত আরাধনা। পৃষ্ঠা ২৫

রোমীয় ১২:৪-৫ কেননা যেমন আমাদের এক দেহে অনেক অঙ্গ, কিন্তু সকল অঙ্গের একরূপ কার্য্য নয়, তেমনি এই অনেকে যে আমরা, আমরা খ্রীষ্টে এক দেহ এবং প্রত্যেকে পরস্পর অঙ্গপ্রত্যঙ্গ। পৃষ্ঠা ২৫
রোমীয় ৩:২৩ কেননা সকলেই পাপ করিয়াছে এবং ঈশ্বরের গৌরব বিহীন হইয়াছে— পৃষ্ঠা ৭ ও ১১
রোমীয় ৫:১১ কেবল তাহা নয়, কিন্তু আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা ঈশ্বরের শ্লাঘাও করিয়া থাকি, যাঁহার দ্বারা এখন আমরা সেই সম্মিলন লাভ করিয়াছি। পৃষ্ঠা ২০
রোমীয় ৫:১-২ অতএব বিশ্বাস হেতু ধার্ম্মিক গণিত হওয়াতে আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা আমরা ঈশ্বরের উদ্দেশে সন্ধিলাভ করিয়াছি; আর তাঁহারই দ্বারা আমরা বিশ্বাসে এই অনুগ্রহের মধ্যে প্রবেশ লাভ করিয়াছি, যাহার মধ্যে দাঁড়াইয়া আছি, এবং ঈশ্বরের প্রতাপের প্রত্যাশায় শ্লাঘা করিতেছি। পৃষ্ঠা ১০ ও ১২
রোমীয় ৫:১২ অতএব যেমন এক মনুষ্য দ্বারা পাপ, ও পাপ দ্বারা মৃত্যু জগতে প্রবেশ করিল; আর এই প্রকারে মৃত্যু সমুদয় মনুষ্যের কাছে উপস্থিত হইল, কেননা সকলেই পাপ করিল। পৃষ্ঠা ৭
রোমীয় ৫:১৮-১৯ অতএব যেমন এক অপরাধ দ্বারা সকল মনুষ্যের কাছে দণ্ডাজ্ঞা পর্য্যন্ত ফল উপস্থিত হইল, তেমনি ধার্ম্মিকতার একটী কার্য্য দ্বারা সকল মনুষ্যের কাছে জীবনদায়ক ধার্ম্মিক-গণনা পর্য্যন্ত ফল উপস্থিত হইল। কারণ যেমন সেই এক মনুষ্যের অনাজ্ঞাবহতা দ্বারা অনেককে পাপী বলিয়া ধরা হইল, তেমনি সেই আর এক ব্যক্তির আজ্ঞাবহতা দ্বারা অনেককে ধার্ম্মিক বলিয়া ধরা হইবে। পৃষ্ঠা ৭ ও ১৭
রোমীয় ৫:৫ আর প্রত্যাশা লজ্জাজনক হয়না, যেহেতুক আমাদিগকে দত্ত পবিত্র আত্মা দ্বারা ঈশ্বরের প্রেম আমাদের হৃদয়ে সেচিত হইয়াছে। পৃষ্ঠা ১৯
রোমীয় ৫:৬ কেননা যখন আমরা শক্তিহীন ছিলাম, তখন খ্রীষ্ট উপযুক্ত সময়ে ভক্তিহীনদের নিমিত্ত মরিলেন। পৃষ্ঠা ৪
রোমীয় ৫:৯ সুতরাং সম্প্রতি তাঁহার রক্তে যখন ধার্ম্মিক গণিত হইয়াছি, তখন আমরা কত অধিক নিশ্চয় তাঁহা দ্বারা ঈশ্বরের ক্রোধ হইতে পরিত্রাণ পাইব। পৃষ্ঠা ৮
রোমীয় ৬:১১-১৩ তদ্রূপ তোমরাও আপনাদিগকে পাপের সম্বন্ধে মৃত, কিন্তু খ্রীষ্ট প্রভু যীশুতে ঈশ্বরের সম্বন্ধে জীবিত বলিয়া গণনা কর। অতএব পাপ তোমাদের মর্ত্ত্য দেহে রাজত্ব না করুক—করিলে তোমরা তাহার অভিলাষ-সমূহের আজ্ঞাবহ হইয়া পড়িবে; আর আপন আপন অঙ্গপ্রত্যঙ্গ অধার্ম্মিকতার অস্ত্ররূপে পাপের কাছে সমর্পণ করিও না, কিন্তু আপনাদিগকে মৃতদের মধ্য হইতে জীবিত জানিয়া ঈশ্বরের কাছে সমর্পণ কর, এবং আপন আপন অঙ্গপ্রত্যঙ্গ ধার্ম্মিকতার অস্ত্ররূপে ঈশ্বরের কাছে সমর্পণ কর। পৃষ্ঠা ২৫
রোমীয় ৬:১৬ তাহা দূরে থাকুক। তোমরা কি জান না যে, আজ্ঞা পালনার্থে যাহার নিকটে দাসরূপে আপনাদিগকে সমর্পণ কর, যাহার আজ্ঞা মান, তোমরা তাহারই দাস; হয় মৃত্যুজনক পাপের দাস, নয় ধার্ম্মিকতাজনক আজ্ঞাপালনের দাস? পৃষ্ঠা ৯ ও ২৩
রোমীয় ৬:২১ ভাল, এক্ষণে যে সমস্ত বিষয়ে তোমাদের লজ্জা বোধ হয়, তৎকালে সেই সকলে তোমাদের কি ফল হইত? বাস্তবিক সেসকলের পরিণাম মৃত্যু। পৃষ্ঠা ৯
রোমীয় ৬:২৩ কেননা পাপের বেতন মৃত্যু; কিন্তু ঈশ্বরের অনুগ্রহ-দান আমাদের প্রভু যীশু খ্রীষ্টেতে অনন্ত জীবন। পৃষ্ঠা ১১
রোমীয় ৬:৪-৬ অতএব আমরা তাঁহার মৃত্যুর উদ্দেশে বাপ্তিস্ম দ্বারা তাঁহার সহিত সমাধিপ্রাপ্ত হইয়াছি; যেন, খ্রীষ্ট যেমন পিতার মহিমা দ্বারা মৃতগণের মধ্য হইতে উত্থাপিত হইলেন, তেমনি আমরাও জীবনের নূতনতায় চলি। কেননা যখন আমরা তাঁহার মৃত্যুর সাদৃশ্যে তাঁহার সহিত একীভূত হইয়াছি, তখন অবশ্য পুনরুত্থানের সাদৃশ্যেও হইব। আমরা ত ইহা জানি যে, আমাদের পুরাতন মনুষ্য তাঁহার সহিত ক্রুশারোপিত হইয়াছে, যেন পাপদেহ শক্তিহীন হয়, যাহাতে আমরা পাপের দাস আর না থাকি। পৃষ্ঠা ১৮ ও ১৯
রোমীয় ৭:১৪-২৫ কারণ আমরা জানি, ব্যবস্থা আত্মিক, কিন্তু আমি মাংসময়, পাপের অধীনে বিক্রীত। কারণ আমি যাহা সাধন করি, তাহা জানি না; কেননা আমি যাহা ইচ্ছা করি, তাহাই যে কাজে করি, এমন নয়, বরং যাহা ঘৃণা করি, তাহাই করি। কিন্তু আমি যাহা ইচ্ছা করি না, তাহাই যখন করি, তখন ব্যবস্থা যে উত্তম, ইহা স্বীকার করি। এইরূপ হওয়াতে সেই কার্য্য আর আমি সাধন করি না, আমাতে বাসকারী পাপ তাহা করে। যেহেতুক আমি জানি যে আমাতে, অর্থাৎ আমার মাংসে, উত্তম কিছুই বাস করে না; আমার ইচ্ছা উপস্থিত বটে, কিন্তু উত্তম ক্রিয়া সাধন উপস্থিত নয়। কেননা আমি যাহা ইচ্ছা করি, সেই উত্তম ক্রিয়া করি না; কিন্তু মন্দ, যাহা ইচ্ছা করি না, কাজে তাহাই করি। পরন্তু যাহা আমি ইচ্ছা করি না, তাহা যদি করি, তবে তাহা আর আমি সম্পন্ন করি না, কিন্তু আমাতে বাসকারী পাপ তাহা করে। অতএব আমি এই ব্যবস্থা দেখিতে পাইতেছি যে, সৎকার্য্য করিতে ইচ্ছা করিলেও মন্দ আমার কাছে উপস্থিত হয়। বস্তুতঃ আন্তরিক মানুষের ভাব অনুসারে আমি ঈশ্বরের ব্যবস্থায় আমোদ করি। কিন্তু আমার অঙ্গপ্রত্যঙ্গে অন্য প্রকার এক ব্যবস্থা দেখিতে পাইতেছি; তাহা আমার মনের ব্যবস্থার বিরুদ্ধে যুদ্ধ করে, এবং পাপের যে ব্যবস্থা আমার অঙ্গপ্রত্যঙ্গে আছে, আমাকে তাহার বন্দি দাস করে। দুর্ভাগ্য মনুষ্য আমি! এই মৃত্যুর দেহ হইতে কে আমাকে নিস্তার

করিবে? আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা আমি ঈশ্বরের ধন্যবাদ করি। অতএব আমি আপনি মন দিয়া ঈশ্বরের ব্যবস্থার দাসত্ব করি, কিন্তু মাংস দিয়া পাপ-ব্যবস্থার দাসত্ব করি। পৃষ্ঠা ২৩

রোমীয় ৮:১০ আর যদি খ্রীষ্ট তোমাদিগেতে থাকেন, তবে দেহ পাপ প্রযুক্ত মৃত বটে, কিন্তু আত্মা ধার্ম্মিকতা প্রযুক্ত জীবন। পৃষ্ঠা ১৯ ও ২৪ ও ২৫

রোমীয় ৮:১-২ অতএব এখন, যাহারা খ্রীষ্ট প্রভু যীশুতে আছে, তাহাদের প্রতি কোন দণ্ডাজ্ঞা নাই। কেননা খ্রীষ্ট প্রভু যীশুতে জীবনের আত্মার যে ব্যবস্থা, তাহা আমাকে পাপের ও মৃত্যুর ব্যবস্থা হইতে মুক্ত করিয়াছে। পৃষ্ঠা ১৭ ও ২৩

রোমীয় ৮:১৫-১৭ বস্তুতঃ তোমরা দাসত্বের আত্মা পাও নাই যে, আবার ভয় করিবে; কিন্তু দত্তকপুত্রতার আত্মা পাইয়াছ, যে আত্মাতে আমরা আব্বা, পিতা, বলিয়া ডাকিয়া উঠি। আত্মা আপনিও আমাদের আত্মার সহিত সাক্ষ্য দিতেছেন যে, আমরা ঈশ্বরের সন্তান। আর যখন সন্তান, তখন দায়াদ, ঈশ্বরের দায়াদ ও খ্রীষ্টের সহদায়াদ—যদি বাস্তবিক আমরা তাঁহার সহিত দুঃখভোগ করি, যেন তাঁহার সহিত প্রতাপান্বিতও হই। পৃষ্ঠা ২০ ও ২১

রোমীয় ৮:৩ কারণ ব্যবস্থা মাংস দ্বারা দুর্ব্বল হওয়াতে যাহা করিতে পারে নাই, ঈশ্বর তাহা করিয়াছেন, নিজ পুত্রকে পাপময় মাংসের সাদৃশ্যে এবং পাপার্থক বলিরূপে পাঠাইয়া দিয়া মাংসে পাপের দণ্ডাজ্ঞা করিয়াছেন। পৃষ্ঠা ১ ও ২ ও ৪

রোমীয় ৮:৩৭ কিন্তু যিনি আমাদিগকে প্রেম করিয়াছেন, তাঁহারই দ্বারা আমরা এইসকল বিষয়ে বিজয়ী অপেক্ষাও অধিক বিজয়ী হই। পৃষ্ঠা ৯

রোমীয় ৮:৫-৬ কেননা যাহারা মাংসের বশে আছে, তাহারা মাংসিক বিষয় ভাবে; কিন্তু যাহারা আত্মার বশে আছে, তাহারা আত্মিক বিষয় ভাবে। কারণ মাংসের ভাব মৃত্যু, কিন্তু আত্মার ভাব জীবন ও শান্তি। পৃষ্ঠা ১৭ ও ২৩

লূক ১:৭৮-৭৯ ইহা আমাদের ঈশ্বরের সেই কৃপাযুক্ত স্নেহ হেতু হইবে, যদ্দ্বারা ঊর্দ্ধ হইতে ঊষা আমাদের তত্ত্বাবধান করিবে, যাহারা অন্ধকারে ও মৃত্যুচ্ছায়ায় বসিয়া আছে, তাহাদের উপরে দীপ্তি দিবার জন্য,

লূক ১০:২ তিনি তাহাদিগকে বলিলেন, শস্য প্রচুর বটে, কিন্তু কার্য্যকারী লোক অল্প; অতএব শস্যক্ষেত্রের স্বামীর নিকটে প্রার্থনা কর, যেন তিনি নিজ শস্যক্ষেত্রে কার্য্যকারী লোক পাঠাইয়া দেন। পৃষ্ঠা ৪০

লূক ১৯:১০ কারণ যাহা হারাইয়া গিয়াছিল, তাহার অন্বেষণ ও পরিত্রাণ করিতে মনুষ্যপুত্র আসিয়াছেন। পৃষ্ঠা ৪০

লূক ২:৪০ পরে বালকটী বাড়িয়া উঠিতে ও বলবান্ হইতে লাগিলেন, জ্ঞানে পূর্ণ হইতে থাকিলেন; আর ঈশ্বরের অনুগ্রহ তাঁহার উপরে ছিল। পৃষ্ঠা ৩

লূক ২:৪১-৪৭ তাঁহার পিতামাতা প্রতিবৎসর নিস্তারপর্ব্বের সময়ে যিরূশালেমে যাইতেন। তাঁহার বারো বৎসর বয়স হইলে তাঁহারা পর্ব্বের রীতি অনুসারে যিরূশালেমে গেলেন; এবং পর্ব্বের সময় সমাপ্ত করিয়া যখন ফিরিয়া আসিতেছিলেন, তখন বালক প্রভু যীশু যিরূশালেমে রহিলেন; আর তাঁহার পিতামাতা তাহা জানিতেন না, কিন্তু তিনি সহযাত্রীদের সঙ্গে আছেন, মনে করিয়া তাঁহারা এক দিনের পথ গেলেন; পরে জ্ঞাতি ও পরিচিত লোকদের মধ্যে তাঁহার অন্বেষণ করিতে লাগিলেন; আর তাঁহাকে না পাইয়া তাঁহার অন্বেষণ করিতে করিতে যিরূশালেমে ফিরিয়া গেলেন। তিন দিনের পর তাঁহারা তাঁহাকে ধর্ম্মধামে পাইলেন; তিনি গুরুদিগের মধ্যে বসিয়া তাঁহাদের কথা শুনিতেছিলেন ও তাঁহাদিগকে প্রশ্ন জিজ্ঞাসা করিতেছিলেন; আর যাহারা তাঁহার কথা শুনিতেছিল, তাহারা সকলে তাঁহার বুদ্ধি ও উত্তরে অতিশয় আশ্চর্য্য জ্ঞান করিল। পৃষ্ঠা ৩

লূক ২:৫২ পরে প্রভু যীশু জ্ঞানে ও বয়সে এবং ঈশ্বরের ও মনুষ্যের নিকটে অনুগ্রহে বৃদ্ধি পাইতে থাকিলেন। পৃষ্ঠা ৩

লূক ২৪:১-৭ বিশ্রামবারে তাঁহারা বিধিমতে বিশ্রাম করিলেন। কিন্তু সপ্তাহের প্রথম দিন অতি প্রত্যূষে তাঁহারা কবরের নিকটে আসিলেন, যে সুগন্ধি দ্রব্য প্রস্তুত করিয়াছিলেন, তাহা লইয়া আসিলেন; আর দেখিলেন, কবর হইতে প্রস্তরখানা সরান গিয়াছে, কিন্তু ভিতরে গিয়া প্রভু প্রভু যীশুর দেহ দেখিতে পাইলেন না। তাঁহারা এই বিষয় ভাবিতেছেন, এমন সময়ে, দেখ, উজ্জ্বল বস্ত্র পরিহিত দুই পুরুষ তাঁহাদের নিকটে দাঁড়াইলেন। তখন তাঁহারা ভীত হইয়া ভূমির দিকে মুখ নত করিলে সেই দুই ব্যক্তি তাঁহাদিগকে কহিলেন, মৃতদের মধ্যে জীবিতের অন্বেষণ কেন করিতেছ? তিনি এখানে নাই, কিন্তু উঠিয়াছেন। গালীলে থাকিতে থাকিতেই তিনি তোমাদিগকে যাহা বলিয়াছিলেন, তাহা স্মরণ কর; তিনি ত বলিয়াছিলেন, মনুষ্যপুত্রকে পাপী মনুষ্যদের হস্তে সমর্পিত হইতে হইবে, ক্রুশারোপিত হইতে এবং তৃতীয় দিবসে উঠিতে হইবে। পৃষ্ঠা ৫

লূক ২৪:৫০-৫১ পরে তিনি তাঁহাদিগকে বৈথনিয়ার সম্মুখ পর্য্যন্ত লইয়া গেলেন; এবং হাত তুলিয়া তাঁহাদিগকে আশীর্ব্বাদ করিলেন। পরে এইরূপ হইল, তিনি আশীর্ব্বাদ করিতে করিতে তাঁহাদের হইতে পৃথক্ হইলেন, এবং ঊর্দ্ধে, স্বর্গে নীত হইতে লাগিলেন। পৃষ্ঠা ৫

লূক ৯:৬০ তিনি তাহাকে বলিলেন, মৃতেরাই আপন আপন মৃতদের কবর দিউক; কিন্তু আপনি গিয়া ঈশ্বরের রাজ্য ঘোষণা কর। পৃষ্ঠা ৪০

হিতোপদেশ ১৪:১২ একটী পথ আছে, যাহা মানুষের দৃষ্টিতে সরল; কিন্তু তাহার পরিমাণ মৃত্যুর পথ। পৃষ্ঠা ১১

অতিরিক্ত উপাদান যা আমাজন বা অন্যান্য খ্রীষ্টিয়ান বইয়ের দোকান থেকে ক্রয় করা যেতে পারে।


- The Rest of the Gospel, Dan Stone and David Gregory
- Classic Christianity, Bob George
- Handbook to Happiness, Charles Solomon
- Ins and Out of Rejection, Charles Solomon
- Lifetime Guarantee, Bill Gillham
- The Normal Christian Life, Watchman Nee
- Sit Walk Stand, Watchman Nee
- Release of the Spirit, Watchman Nee
- Birthright, David Needham
- The True Vine, Andrew Murray
- Abide in Christ, Andrew Murray
- Absolute Surrender, Andrew Murray
- Victory in Christ, Charles Trumbull
- The Key to Triumphant Living, Jack Taylor
- The Saving Life of Christ, W. Ian Thomas
- The Gift of Forgiveness, Charles Stanley
- The Blessing of Brokenness, Charles Stanley
- Adversity, Charles Stanley
- Truefaced, John Lynch
- My Utmost for His Highest (Devotional), Oswald Chambers
- Forgiven Forever, Bob George
- The Grace Awakening, Charles Swindoll
- The Sufficiency of Christ, John MacArther
- Hudson Taylor's Spiritual Secret, Dr. and Mrs. Howard Taylor
- Weekly e-devotional GraceNotes, John Woodward. Available through www.GraceNotebook.com
- For Me to Live is Christ, Group study course, Charles Solomon
- The Cross, Your Victory Today, CD Series by Dr. Charles Stanley (and many other sermons by Dr. Stanley)
- The Shackling of Grace, Lee LeFebre
- The Exchanged Life Conference, CD Series by Lee LeFebre
- Free at Last, Tony Evans
- Dr. Tony Evans (most sermons)
- Gregory Dickow (most sermons)
- Romans: Chapters 8-5, Any Version of the Bible
- www.gracefellowshipintl.com
- www.thelifebookstore.com
- Seeking God through Prayer & Meditation, David Howell
- Fully Alive and Finally Free, David Howell

Place Stamp Here

Prison Evangelism, Inc.
PO Box 571977 Houston,
Texas 77257

72019

আমি আরও জানতে চাই। অনুগ্রহপূর্বক “SEEKING GOD THROUGH PRAYER AND MADITATION” বইটির একটি নিখরচ অনুলিপি পাঠাবেন।




নাম ______________________________

ঠিকানা ____________________________

নগর, রাজ্য, পিন ____________________

________________________________________

“কিভাবে ঈশ্বরের একটি সন্তান হতে হবে” বইটি কেমন লাগল অনুগ্রহ করে আমাদেরকে জানান। ____________________

________________________________________

________________________________________

________________________________________


________________________________________

________________________________________

________________________________________

Prison Evangelism, Inc. PO Box 571977 Houston Texas 77257

# কিভাবে ঈশ্বরের একটি সন্তান হতে হবে



উল্লিখিত এই সাধারণ সত্যকথাগুলি অনুভব করুন এবং জানুন যে কিভাবে ঈশ্বরে বিশ্বাস ও আস্থা আপনাকে পরিপূর্ণ, প্রাচুর্যপুর্ণ ও জয়যুক্ত জীবন প্রদান করতে পারে।

এই বইটিকে কিভাবে ব্যবহার করবেন:

- ঈশ্বরের সঙ্গে শান্তির পথ ও নির্দেশিকারূপে
- পরিত্রাণের অনুভূতি বোঝার উপায়রূপে
- স্বতন্ত্রভাবে বা দলবদ্ধ হয়ে বাইবেল পাঠ করতে (এর মধ্যে উদ্ধৃত রয়েছে ২২৩টি সম্পূর্ণ বাইবেলের পদ)
- বাইবেলের পদ ও উদাহরণ ব্যবহার করে, ৩০ দিনের ভক্তি ও ধ্যানের নির্দেশিকারূপে।

লেখক ডেভিড হাউএল হলেন নবজন্ম গ্রহণ করা ঈশ্বরের একটি সন্তান। এই বইটিতে উল্লেখ করা সমস্ত তথ্য তাঁর বহু বছরের স্ব-কেন্দ্রিক ও স্বার্থপরতার জীবনের পরে প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা তাঁকে প্রদান করা অনুভূতি, শক্তি ও আশার সারমর্মটিকে প্রতিফলিত করে। এই বইয়ের উদাহরণ, পদ ও পাঠ্যের মাধ্যমে হাউএল একথা প্রদর্শন করেছেন যে কিভাবে প্রভু যীশু খ্রীষ্টের জ্ঞান ও পরিত্রাণের অনুভূতি আমাদেরকে জয়যুক্ত, প্রাচুর্য্যের জীবন প্রদান করতে পারে এবং এ জগতে ঈশ্বরের সঙ্গে শান্তি আনতে পারে।

খ্রীষ্টের সহিত আমি ক্রুশারোপিত হইয়াছি, আমি আর জীবিত নই, কিন্তু খ্রীষ্টই আমাতে জীবিত আছেন; আর এখন মাংসে থাকিতে আমার যে জীবন আছে, তাহা আমি বিশ্বাসে, ঈশ্বরের পুত্রে বিশ্বাসেই, যাপন করিতেছি; তিনিই আমাকে প্রেম করিলেন, এবং আমার নিমিত্তে আপনাকে প্রদান করিলেন।
গালাতীয় ২:২০

ISBN 978-0-578-14157-2
90000>
9 780578 141572